bes INDIA
bible educational services

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশাবলী

## বাইবেলটাইম ১নং স্তর এবং ২নং স্তর

A সিরিজ

১নং - ৬নং গল্প

www.besweb.com

# বাইবেল এডুকেশনাল সার্ভিসেস

**মিশন বিবৃতি**

ধারাবাহিক বাইবেল পাঠগুলি যা বর্তমান এবং পরবর্তী প্রজন্মের কাছে ঈশ্বরের বাক্য শিক্ষা দিতে সক্ষম করে, সেগুলি সারা পৃথিবী জুড়ে ব্যবহারের জন্য প্রকাশিত করার দ্বারা আপনাদের সেবা করা যেন আপনি অন্যদের সেবা করতে পারেন।

**দর্শন বিবৃতি**

যারা আমাদের মৌলিক মূল্যবোধগুলি ভাগ করে নেয় তাদের সাথে অংশীদার হয়ে, যোগাযোগের বিভিন্ন উপায়গুলির মাধ্যমে জগতের অনেক ভাষাগুলিতে বাইবেল এডুকেশনাল রিসোর্স-এর উৎপাদনটি সহজতর করা।

# সাধারণ তথ্য

**বাইবেল এডুকেশনাল সার্ভিসেস কি করে :**

বাইবেল এডুকেশনাল সার্ভিসেস (বিইএস) ইংরেজীতে "বাইবেল টাইম", "নিউ লাইফ" এবং "গ্লীনার্স" পাঠগুলি প্রকাশ করে এবং পরিদর্শন, নেটওয়ার্কিং, পরামর্শ ও শিক্ষা দ্বারা ইউ. কে. ও বিদেশে পোষ্টাল বাইবেল স্কুল ও বি. ই. এস পাঠগুলি ব্যবহার করে এমন একইরকম সংস্থাগুলিকে সাহায্য করে। বিইএস বর্তমানে অন্য দেশগুলিতে সেই দলগুলির সাথে অংশীদার হয়েও কাজ করছে যারা পাঠগুলির অনুবাদ, নকশা, প্রকাশনা এবং বিতরণ করায় নিয়োজিত আছে। পাঠগুলি সমস্ত ছাত্রছাত্রীদের বিনামূল্যে যোগান আবশ্যক।

বাইবেলটাইম পাঠগুলি ৫০ বছরের বেশী আগে দক্ষিণ আয়ারল্যান্ডে প্রথম ব্যবহৃত হয়েছিল। বাইবেল এডুকেশনাল সার্ভিসেস ইংরেজী এবং সব বিদেশী ভাষায় বাইবেলটাইম পাঠগুলির জন্য সম্পাদকীয় দায়িত্বটি রক্ষা করে। বাইবেলটাইম পাঠগুলি সাধারণতঃ A4 আকারে প্রকাশ করা হয়েছিল যা কোন কোন ক্ষেত্রে, ছাত্রছাত্রীদের, প্রতি চার সপ্তাহ অন্তর, মান নির্ণয়ের জন্য পাঠগুলি বাইবেল স্কুল কেন্দ্রে ফেরত পাঠাতে সক্ষম করে। আরও সাম্প্রতিককালে, বেলফাষ্ট-এর এভরি হোম ক্রুশেড (উদ্দীপনামূলক আন্দোলন) কে ধন্যবাদ জানাই, যারা ছয় মাসের জন্য পাঠগুলি A৫ আকারে প্রকাশ করেছে, যা মণ্ডলী এবং বিদ্যালয়গুলিতে আরও সহজতর উপায়ে ব্যবহার করা গিয়েছে, বিশেষতঃ যেখানে ডাক পদ্ধতি ফলপ্রসূ নয়।

বি. ই. এস. পাঠগুলি এতই অপূর্ব যে সেগুলি দৃশ্যত গৃহ বা দলীয় (মণ্ডলী/বিদ্যালয়) পাঠের জন্য প্রস্তুত করা হয়েছে, পরবর্তীতে যে পরিকল্পিত সিলেবাস আছে তা ছাত্রছাত্রীকে ২০ বছর বয়স পর্য্যন্ত পড়াশুনা চালিয়ে যেতে সুযোগ দেয়। পাঁচটি স্তরে পাঠগুলি বিশেষ বিশেষ বয়সকালীন দলের জন্য পাওয়া যায়, যেমন স্কুল-পূর্ববর্তী, ৫-৭ বছর, ৮-১০ বছর, ১১-১৩ বছর, ১৪-১৬ বছর। প্রতিটি বয়সের দলের জন্য তিন বছরের সিলেবাস আছে (৪নং পৃষ্ঠা দেখুন)। ভিন্ন ভিন্ন যোগ্যতা অনুসারে বয়সের দলগুলি বিভিন্ন হতে পারে। বাইবেলটাইম রিসোর্সগুলি ছেলেমেয়েদের ঈশ্বরের বাক্য অধ্যয়ন করতে, বাইবেলের গল্প শিখতে এবং তাদের জীবন সুসমাচারের প্রাসঙ্গিকতার সমস্যার সম্মুখীন হতে সুযোগ দেয়।

বিইএস ওয়েবসাইট—www.besweb.com অথবা আন্তর্জাতিক সেক্রেটারীর কাছ থেকে পাঠগুলির ছাপান কপি ইংরেজীতে পাওয়া যায়। এগুলি অন্যান্য ভাষার ওয়েবসাইটেও পাওয়া যাবে। বিইএস-এ প্রমাণপত্রগুলি আপনার কাছে সাহায্যকারী হতে পারে যদি আপনি আমাদের সাথে অংশীদার হওয়ার জন্য চিন্তা করছেন, যা ওয়েবসাইটেও পাওয়া যাবে।

# বিইএস-এর যোগাযোগের ঠিকানা

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশাবলী

প্রারম্ভিককালে, বাইবেলটাইম পাঠগুলি ডাকযোগে বাইবেল স্কুল কেন্দ্রের সাথে ডাক পদ্ধতিতে ব্যবহারের জন্য তৈরী করা হয়েছিল কিন্তু পাঠগুলি সংখ্যায় বৃদ্ধি পেয়ে এমন জায়গায় ব্যবহৃত হচ্ছিল যেখানে ডাক পদ্ধতি বিশ্বাসযোগ্য নয় অথবা অস্তিত্ব নাই বিশেষতঃ আফ্রিকা, ভারতবর্ষ এবং অন্যান্য জায়গাগুলির মণ্ডলী এবং বিদ্যালয়গুলিতে। শিক্ষণ নির্দেশাবলী তাদের জন্য প্রকাশ করা হয়েছিল যারা এইরূপ পরিস্থিতি বাইবেলটাইম পাঠগুলি ব্যবহার করছিল। এই পুস্তিকায় শিক্ষণ নির্দেশাবলী ১নং স্তর এবং ২নং স্তর যাদের বয়সসীমা প্রায় ৫-১০ বছর তাদের সাথে ব্যবহারের জন্য নকশা করা হয়েছে।

প্রতিটি শিক্ষণ নির্দেশ বাইবেলটাইম পাঠের মত একই বাইবেলের অংশ অনুসরণ করে। বাইবেলটাইম পাঠগুলি এবং নির্দেশাবলীগুলি সাপ্তাহিক ভিত্তিতে ব্যবহারের জন্য নকশা করা হয়েছে। এপ্রিলের পাঠগুলি বিশেষভাবে ইষ্টারের সাথে সম্পর্কযুক্ত এবং ডিসেম্বরের পাঠগুলি বড়দিনের সাথে সম্পর্কযুক্ত।

কোন কোন এলাকায় পাঠগুলির এ৪ সাপ্তাহিক প্রকাশনা ব্যবহার করবে এবং অন্য জায়গায় ২৪টা পাঠ যুক্ত করে এ৫ পুস্তিকা ব্যবহার করবে। সাধারণতঃ শিক্ষক-শিক্ষিকা বা নেতা-নেত্রী মাসিক এ৪ পাঠটি দিবেন এবং প্রতি সপ্তাহে মণ্ডলিতে বা স্কুলে পাঠটি পূর্ণ করা হবে অথবা বাড়ী নিয়ে যাবে এবং পরবর্তী সপ্তাহে ফেরত আনবে। মাসের শেষে শিক্ষক-শিক্ষিকা অথবা নেতা-নেত্রী পাঠটি সংগ্রহ করবেন এবং প্রয়োজনীয় নম্বর দিবেন, যত শীঘ্র সম্ভব ছাত্রছাত্রীকে নম্বর দেওয়া পাঠগুলি ফেরত দিবেন।

পুস্তিকাটি যখন আদর্শরূপে ব্যবহার করা হবে, তখন প্রতিটি সেসনের শেষে, পুস্তিকাগুলি সংগ্রহ করা হবে এবং নম্বর দেওয়া হবে। আমরা বুঝতে পেরেছি যে অনেক পরিস্থিতি তা অসম্ভব। কাজেই ক্লাসরুমের মধ্যে সেগুলি অন্য ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা যেতে পারে এবং শিক্ষক-শিক্ষিকা অথবা নেতা-নেত্রী পাঠগুলির মাধ্যমে উত্তরগুলি বলবেন আর ছাত্রছাত্রীরা তাদের বন্ধুর পাঠে নম্বর দিবে এবং একটা হিসাব দিবে। পুস্তিকাটির একেবারে শেষে প্রত্যেক মাসের পাঠের জন্য হিসাবের একটা জায়গা আছে এবং ছাত্রছাত্রী কি উন্নতি করেছে সেই বিষয়ে মন্তব্যের জন্য একটা জায়গা আছে। সেখানে একটা সার্টিফিকেটও আছে যা আলাদা করা যেতে পারে এবং পাঠটির ছয় মাসের জন্য ছাত্রছাত্রী যে শতাংশ অর্জন করেছে তার নির্দেশ দিয়ে তা ছাত্রছাত্রীকে ফেরত দেওয়া হবে।

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য প্রস্তুতি

শিক্ষক-শিক্ষিকাদের নিজেদের কল্পনা এবং কাজ করার উদ্যমের সাথে তাদের নিজেদের মত জিনিসগুলি মানিয়ে নিতে আমরা তাদের জন্য নির্দেশক হতে এবং বাধা দিতে চাই না। এগুলি পরামর্শ যা বাইবেলটাইম রিসোর্স ব্যবহার করতে সাহায্য করতে পারে।

- **গল্পটি ভালভাবে জানুন** - শিক্ষক-শিক্ষিকাদের বাইবেলের গল্পটির সাথে এবং তার সাথে মিল করা বাইবেলটাইম পাঠের সাথেও যতটা সম্ভব ততটা পরিচিত হওয়া উচিত। আদর্শরূপে, বাইবেলটাইম পাঠটি শিক্ষক-শিক্ষিকার দ্বারা পাঠের আগেই সম্পূর্ণ করা উচিত। প্রতিটি পাঠের জন্য নির্দেশিকাটি পাঠগুলির জন্য পরিকল্পনায় এক সাহায্য হিসাবে সাবধানে ধরে নেওয়াও উচিত।
- **শিখবার জন্য পাঠগুলি বোঝা** - প্রতিটি পাঠ পরিকল্পনার উপরে আপনি "আমরা শিখছি যে" শব্দগুলি লক্ষ্য করে থাকবেন, তারপরই আছে শিখবার দুইটা উদ্দেশ্য যা ছেলেমেয়েরা শিক্ষক/শিক্ষিকার উপস্থাপনা শুনবার পর এবং বাইবেলটাইম পাঠ সম্পূর্ণ করার পর বুঝবে বলে আশা করা যায়। প্রথম শিখবার উদ্দেশ্যটি গল্পটির বিষয়ে জ্ঞানের সাথে যুক্ত, যেখানে দ্বিতীয়টি জ্ঞানের বিষয়ে চিন্তা করতে তা প্রয়োগ করতে এবং সাড়া দিতে ছেলেমেয়েদের উৎসাহ দেয়। এই শিখবার উদ্দেশ্যগুলি প্রধান মতবাদ/সত্যের এক সংক্ষিপ্ত বক্তব্য যা পাঠে শিখান হয় এবং শিক্ষক/শিক্ষিকারা শিক্ষা দিতে এবং শিখতে তাদের ব্যক্তিগত মূল্যায়ণের জন্য ব্যবহার করতে ইচ্ছা করতে পারে যা ঘটেছে।
- **পরিচয় করান** - সমস্ত পাঠগুলির সাথে, আমরা সেখানে শুরু করি যেখানে ছেলেমেয়েরা পরিস্থিতি তাদের নিজেদের অভিজ্ঞতার সাথে থাকে। আমরা বিভিন্ন উপায়ের বিষয়ে পরামর্শ দিয়েছি যা গল্পটি পরিচয় করাতে ব্যবহার করা যেতে পারে যা ছেলেমেয়েদেরকে গল্পটির আরম্ভের মুহূর্তটি আলোচনায় উত্তর প্রত্যুত্তর করতে সক্ষম করে।
- **শিক্ষা দিন** - আমরা গল্পটির মূল বিষয়গুলি দিয়েছি। আমরা আশা করব যে শিক্ষক-শিক্ষিকারা যখন প্রকৃতই গল্পটা বলবেন তখন তাঁদের এগুলি উল্লেখ করতে হবে না কিন্তু তাঁরা গল্পটির সাথে পরিচিত হবেন এবং এক চমকপ্রদ এবং অনুপ্রাণিতভাবে তা শিক্ষা দিতে সম্ভব হবেন। শিক্ষক-শিক্ষিকারা চাইবেন ছেলেমেয়েরা গল্পটা থেকে মূল শিক্ষাগুলি যেন বুঝতে পারে এবং গল্পটা শেখা থেকে তাদের কি সাড়া দিতে হবে তা বুঝতে

তাদের সাহায্য করবেন। যতটা উপযোগী করা যায় আমরা কয়েকটি ব্যাখ্যা গল্প বলাটার মধ্যে একত্রে বুনতে চেষ্টা করেছি। এগুলি সবসময় ***বাঁকা অক্ষরগুলিতে*** যুক্ত করেছি।

- **শিখুন** - প্রতিটি গল্পে একটা মূল পদ দেওয়া আছে। কোন কোন ক্ষেত্রে দুইটা মূল পদ দেওয়া আছে। আমরা আর একটা মূল পদ যোগ করেছি এজন্য যে তা ছেলেমেয়েদের জন্য শিখতে সহজ হতে পারে। আমরা আশা করি যে ছেলেমেয়েরা মূল পদগুলি শিখবে এবং যতবার সম্ভব তা তাদের মনে করিয়ে দেওয়া হবে যেন তারা মূল বাইবেলের পদগুলির বিষয়ে জ্ঞান প্রতিষ্ঠা করতে শুরু করে।
- **সম্পূর্ণ করুন** - স্কুলের পরিস্থিতিতে আপনি কাজ করার পৃষ্ঠা সম্পূর্ণ করতে ছেলেমেয়েদের যোগ্যতার বিষয়ে এবং কতটা শিক্ষক-শিক্ষিকার সাহায্য প্রয়োজন সেবিষয়ে জানতে পারবেন। কারও কারও জন্য, এটা প্রয়োজন হবে যে শিক্ষক-শিক্ষিকা পাঠের অংশটি পড়বেন যখন ছেলেমেয়েরা সেটা অনুসরণ করবে যা এখন এক পরিচিত গল্প। অন্য ছেলেমেয়েরা হয় স্বাধীনভাবে পাঠ্যাংশটি পড়তে সক্ষম হবে। অন্য ক্ষেত্রে, এটা হয়ত বিশেষ নির্দেশগুলির প্রতি ছেলেমেয়েদের দৃষ্টি আকর্ষণ করতে একটা চিন্তাধারা হবে যা প্রশ্নগুলির সাথে সম্পর্কযুক্ত। আপনি যদি স্কুলের বাইরে প্রসঙ্গে বাইবেলটাইম ব্যবহার করছেন, তবে সাহায্য করতে আপনার উপস্থিতি গুরুত্বপূর্ণ যেন এটা এক দৈনন্দিন কাজকর্ম বা পরীক্ষা হিসাবে উপলব্ধি না করা হয়। এটা আনন্দজনক উৎসাহজনক এবং প্রশংসাজনক হওয়া উচিত যখন প্রদত্ত কাজটি করা হয় যা গুরুত্বপূর্ণ।
- **মনে রাখুন** - আমরা পরামর্শ দিয়েছি যখন সম্ভব, তখন শিখতে সাহায্য করতে এবং গল্পটি পুনরালোচনা করার জন্য এক উপায় হিসাবে কুইজ অথবা নাটক করা যেতে পারে।
- **দেখান** - আমরা জানি যে কোন কোন পরিস্থিতিতে, দৃশ্য উপকরণগুলি পাওয়া খুব কষ্টকর কিন্তু যখনই সম্ভব তখন গল্পটা বুঝতে সাহায্য করতে ছবিগুলি বা বস্তুগুলির উপর দৃষ্টিপাত করা গুরুত্বপূর্ণ। দৃশ্য উপকরণগুলি গল্প বলতে এক বিরাট সাহায্য হতে পারে। প্রতিটি পাঠে যেখানে প্রযোজ্য সেখানে আমরা www.freebibleimages.org ছবি (এফবিআই) থেকে ছবিগুলির বিষয়ে তথ্য দিয়েছি যেগুলি তাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যেতে পারে। দৃশ্য উপকরণগুলির আর একটি উৎস হল এইকন বাইবেল আর্ট [info@eikonbibleart.com] কিন্তু তাদের উপকরণগুলি কিনতে হবে। যেখানে জেরক্স করার সুবিধা আছে সেখানে কোন কোন বাইবেলটাইম ছবিগুলি বড় করে, রং করে, শিক্ষা দেবার জন্য ব্যবহার করা যেতে পারে।

**মূল পদটি শিক্ষা দেওয়া**

১) পদটি একটা বড় কাগজে অথবা বোর্ডে এমনভাবে লেখা যেতে পারে যেখানে ছেলেমেয়েরা যখন পদটি বার বার বলবে তখন একটা করে শব্দ সরানো যাবে যতক্ষন না সমস্ত পদটি সরানো হয় এবং ছেলেমেয়েরা তাদের সামনে শব্দগুলি না দেখেই পদটি পুনরাবৃত্তি করতে পারে।

২) মূল পদটি পরিচয় করিয়ে দিতে আপনি ব্যবহার করতে পারেন ঃ

ক) দুইটা দলের সাথে হ্যাংম্যান পদ্ধতি — অনেক সংখ্যার অক্ষর — কোন অক্ষর ছাড়াই মূল পদটির জন্য জায়গাগুলি দেওয়া — ছেলেমেয়েরা বেছে নিবে কোন অক্ষরগুলি তারা চায় যতক্ষন না কোন একজন পদটি চিনতে সক্ষম হয়।

খ) যেখানে বাইবেল পাওয়া যাবে সেখানে সোর্ড ড্রিল করান, ছেলেমেয়েরা পদটি খুঁজতে বাইবেল ঘাঁটবে এবং যে প্রথমে খুঁজে পাবে সে জোরে পড়বে।

**সময়ের পরিকল্পনা**

- **ধারা।** প্রতিটি পাঠের জন্য আমরা শিক্ষা নির্দেশিকায় দেওয়া একই ধারা রেখেছি কিন্তু শিক্ষকরা যাঁরা হয়ত সময় সময়ে পরিবর্তন করতে চাইতে পারেন।

  ১। ভূমিকা এবং গল্পটা বলা — প্রায় ১৫ মিনিট
  ২। মূল পদটি শিক্ষা দেওয়া — ৫-১০ মিনিট
  ৩। কাজ করার পৃষ্ঠাটি সম্পূর্ণ করা — ২০ মিনিট
  ৪। কুইজ এবং অন্যান্য কাযক্রম — ৫-১০ মিনিট

**গুরুত্বপূর্ণ কথাটি মনে রাখুন ঃ**

"আমাকে বল কিন্তু আমি ভুলে যেতে পারি,
আমাকে দেখাও এবার আমি মনে রাখব,

# বাইবলটাইম সিলেবাস

| | ০ স্তর (স্কুল পূর্ববর্তী)<br>১ম স্তর (৫-৭ বছর)<br>২য় স্তর (৮-১০ বছর) | ৩য় স্তর (১১-১৪ বছর) | ৪র্থ স্তর (১৪+ বছর) |
|---|---|---|---|
| প্রারম্ভিক সিরিজ | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার |
| A সিরিজ | ১। সৃষ্টির বিবরণ<br>২। নোহ<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। অব্রাহাম<br>৬। অব্রাহাম<br>৭। পিতর<br>৮। পিতর<br>৯। যাকোব<br>১০। আদি খ্রীষ্টিয়ানরা<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প | ১। সৃষ্টির বিবরণ<br>২। নোহ<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। পিতর<br>৬। অব্রাহাম<br>৭। যাকোব<br>৮। প্রার্থনা<br>৯। পৌল<br>১০। পৌল<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প | ১। সৃষ্টির বিবরণ<br>২। আদিতে উন্নতি - আদিপুস্তক<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। পিতর<br>৬। অব্রাহাম<br>৭। যাকোব<br>৮। খ্রীষ্টিয় জীবন<br>৯। পৌল<br>১০। পৌল<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প |
| B সিরিজ | ১। খ্রীষ্টের বাল্য জীবন<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। দৃষ্টান্তগুলি<br>৬। যোষেফ<br>৭। যোষেফ<br>৮। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। মোশি<br>১২। বড়দিনের গল্প | ১। দৃষ্টান্তগুলি<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। আদি খ্রীষ্টিয়ানরা<br>৬। যোষেফ<br>৭। যোষেফ<br>৮। সুসমাচার লেখকরা<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। মোশি<br>১২। বড়দিনের গল্প | ১। দৃষ্টান্তগুলি<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। আদি খ্রীষ্টিয়ানরা<br>৬। যাকোব ও তার পরিবার<br>৭। যোষেফ<br>৮। প্রেরিত ২:৪২ - অগ্রবর্তী পথ<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। নিয়ম<br>১২। বড়দিনের গল্প |
| C সিরিজ | ১। দানিয়েল<br>২। আরও আশ্চর্যকাজ<br>৩। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত ও শমূয়েল<br>৬। দায়ূদ<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। যোনা<br>১২। বড়দিনের গল্প | ১। দানিয়েল<br>২। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৩। আরও আশ্চর্যকাজ<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত<br>৬। শমূয়েল<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। ঈশ্বর কর্তৃক ব্যবহৃত ব্যক্তি-গন - পুরাতন নিয়ম<br>১২। বড়দিনের গল্প | ১। দানিয়েল<br>২। যীশুর বাণী<br>৩। প্রভুর ক্ষমতা<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত<br>৬। শমূয়েল<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। পুরাতন নিয়মের আরও চরিত্র<br>১২। বড়দিনের গল্প |

## A১ ১ নং গল্প
## ঈশ্বর জগৎ সৃষ্টি করেন — এটা ঈশ্বরের স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করার গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর জগত সৃষ্টি করেছেন<br>• ঈশ্বরের সমস্ত সৃষ্টির জন্য আমাদের তাঁকে ধন্যবাদ দেওয়া উচিত<br><br>**মূল পদ : আদিপুস্তক ১:১**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ১:১-১৯** |
| পরিচয় করান | • একটা বাড়ীর ছবি দেখান অথবা শিশুদের বলুন তাদের বাড়ী আঁকতে<br>• বাড়ীর বিষয়ে শিশুদের প্রশ্ন করুন — এটা তৈরী করতে কত সময় লাগবে ? এটা তৈরী করতে তোমাদের কি কি দরকার হবে?<br>• একটা বাড়ী তৈরী করতে অনেক জিনিসের দরকার হয় কিন্তু ঈশ্বর শূন্য থেকে জগৎটা সৃষ্টি করেছিলেন। |
| শিক্ষা দিন | • আদিতে ঈশ্বর স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করেছিলেন। ঈশ্বর জগত সৃষ্টি করার আগে সেখানে অন্ধকার ছিল। **(আদিপুস্তক ১:১-৩)** — *সব সময় যদি অন্ধকার থাকত তবে দেখতে কেমন লাগত? (উদাহরণ দিতে চোখ বাধা ব্যবহার করা যেতে পারে)*<br>• প্রথম দিন ঈশ্বর বলেছিলেন, "আলো হোক"। সাথে সাথে সেখানে আলো হয়েছিল। ঈশ্বর আলোকে বলেছিলেন দিন এবং অন্ধকারকে রাত। সব সময় অন্ধকার থাকার পরিবর্তে, সেখানে অন্ধকার আলোর পরে এসেছিল। **(আদিপুস্তক ১:৪-৫)**<br>• দ্বিতীয় দিন ঈশ্বর আবার বলেছিলেন এবং আকাশ ও বাতাস সৃষ্টি করেছিলেন যা পৃথিবীর চারিদিকে আছে। আবার রাত এসেছিল এবং দ্বিতীয় দিন শেষ হয়েছিল **(আদিপুস্তক ১:৬-৮)** — *শিশুদের খুব জোরে শ্বাস নিতে দিন। আমাদের চারিপাশে হাওয়া থাকা যে কত গুরুত্বপূর্ণ তা ব্যাখ্যা করুন।*<br>• এই পর্য্যন্ত পৃথিবী জল দিয়ে ঢাকা ছিল কিন্তু এখন সময় এল মাটি তৈরী করার। ঈশ্বর বললেন এবং নতুন ভূমির জন্য জায়গা করে দিলেন। মাটির টুকরাগুলির চারিপাশের জল সমুদ্র হয়ে গেল। তারপর ঈশ্বর আবার কথা বললেন এবং বলেছিলেন, "মাটি সব রকমের আগাছা এবং বড় গাছে ভরে থাক। ঈশ্বর যা সৃষ্টি করেছিলেন তা সব দেখলেন এবং বললেন তা ভাল। সেটা ছিল তৃতীয় দিন। **(আদিপুস্তক ১:৯-১৩)** *স্থানীয়ভাবে উৎপন্ন হয় এমন কয়েকটি আগাছার নাম শিশুদের বলতে বলুন। বিভিন্ন প্রকার রঙ, আকার ও সাইজের বিষয়ে এবং কিভাবে আগাছাগুলি দরকারী এবং সুন্দর সে বিষয়ে বর্ণনা করুন।*<br>• চতুর্থ দিন ঈশ্বর আকাশ আলোকিত করার জন্য বিশেষ আলো সৃষ্টি করলেন — দিনের জন্য সূর্য্য এবং রাতের জন্য চাঁদ ও তারা। ঈশ্বর যে আলোগুলি সৃষ্টি করেছিলেন তা দেখলেন এবং দেখলেন সেগুলি ভাল। **(আদিপুস্তক ১:১৪-১৫)** *সূর্য্য কিভাবে ভাল শিশুদের কাছে সেবিষয়ে বলুন। কত তারা আছে জেনে আশ্চর্য্য হন।*<br>• শিশুদের কাছে বর্ণনা করুন *ঈশ্বর সমস্ত জিনিস দিয়ে সুন্দর পৃথিবী সৃষ্টি করেছিলেন যা আমাদের প্রয়োজন এবং তার জন্য আমাদের তাঁকে ধন্যবাদ দেওয়া উচিত।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**তা দেখান : এফবিআই — ঈশ্বর স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করেছিলেন।** |
| শিখুন | মূল পদটি শেখান এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **আদিপুস্তক ১:১** |
| স্মরণে রাখুন | • আদিতে জগত কেমন ছিল?<br>• কোন দিন আলো প্রকাশ পেয়েছিল?<br>• ২য় দিন ঈশ্বর আকাশ ও _ _ _ _ _ _ _ _ সৃষ্টি করেছিলেন<br>• আদিতে, কি দিয়ে পৃথিবী ঢাকা ছিল?<br>• তৃতীয় দিন, কোন দুইটা বেড়ে উঠা জিনিস ঈশ্বর সৃষ্টি করেছিলেন?<br>• দিনের জন্য ঈশ্বর কি আলো তৈরী করেছিলেন?<br>• রাতের জন্য ঈশ্বর কি কি আলো সৃষ্টি করেছিলেন?<br>• এই পদটা শেষ কর — "আদিতে ঈশ্বর সৃষ্টি করেছিলেন " |

# A১ ২য় গল্প
## ঈশ্বর জীবজন্তু ও মানুষ সৃষ্টি করেছিলেন — এটা প্রথম মানুষের বিষয়ে গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর তাঁর নিজের মত করে মানুষ সৃষ্টি করেছিলেন এবং তারা তাঁর কাছে অতি প্রিয়।<br>• আমাদের ঈশ্বরের পথ অনুসরণ করা উচিত কারণ তিনি আমাদের সৃষ্টি করেছেন।<br><br>**মূল পদ : আদিপুস্তক ১:৩১**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ১:২০-২:৩** |
| পরিচয় করান | • কোনকিছু একটা আনুন যা আপনি তৈরী করেছিলেন কিন্তু কাজে লাগে না, উদাহরণস্বরূপ একটা পুড়ে যাওয়া খাবার। পরিকল্পনামত কাজ করার পর যখন তা কাজ করে না তখন তা কত হতাশাজনক হয় সেবিষয়ে কথা বলুন।<br>• শিশুদের কাছে ব্যাখ্যা করুন যে ঈশ্বর বিভিন্ন প্রকার জীবজন্তু সৃষ্টি করেছিলেন এবং তিনি তাদের কোনটাতেই হতাশ হন নি।<br>• অথবা — শিশুরা বিভিন্ন জীবজন্তুর মত আচরণ করতে পারে। (এটা বলতে পার খেলার মত করা যেতে পারে।) |
| শিক্ষা দিন | • পঞ্চম দিনে ঈশ্বর হাজার হাজার বিভিন্ন রকমের পাখী ও মাছ সৃষ্টি করেছিলেন। তিনি যা কিছু সৃষ্টি করেছিলেন তাদের দিকে তাকালেন এবং বললেন "এটা ভাল।" **(আদিপুস্তক ১:২০-২৩)** *আপনার দলটির কাছে যে পাখীগুলি/মাছগুলি পরিচিত তাদের কয়েকটির কথা চিন্তা করুন।*<br>• ষষ্ঠ দিনে ঈশ্বর সমস্ত পশুগুলি সৃষ্ট করেছিলেন। তিনি লম্বা ঘাড় দিয়ে জিরাফ এবং তাদের তীক্ষ্ণ দাঁত দিয়ে সিংহ ও বাঘ সৃষ্টি করেছিলেন — ঈশ্বর তাদের সকলকে সৃষ্টি করেছিলেন **(আদিপুস্তক ১:২৪-২৫)**<br>• যদিও ঈশ্বর অনেক আশ্চর্য আশ্চর্য জিনিসগুলি সৃষ্টি করেছিলেন তবুও তাঁকে অন্য কোনকিছু সৃষ্টি করতে হোত এবং তিনি সেটা এক বিশেষভাবে সৃষ্টি করেছিলেন। শিশুদের এক মুঠো ধূলা দেখান এবং জিজ্ঞাসা করুন এটা দিয়ে কি তৈরী করা যেতে পারে বলে তারা মনে করে। ঈশ্বর মাটি থেকে কিছু ধূলা নিয়েছিলেন এবং প্রথম মানুষ সৃষ্টি করেছিলেন। ঈশ্বর যখন তার মধ্যে নিশ্বাস দিলেন তখন মানুষটি জীবিত হয়ে উঠেছিল। প্রথম মানুষটির নাম ছিল আদম **(আদিপুস্তক ১:২৬-৩১)** *শিশুদের কাছে ব্যাখ্যা করুন যখন ঈশ্বর আদমকে সৃষ্টি করেছিলেন তখন তিনি তাঁর নিজের প্রতিমূর্তি (তিনি যেমন) নকশা হিসাবে ব্যবহার করেছিলেন। এর অর্থ ঈশ্বর মানুষের জন্য এমন নকশা করেছিলেন যা কোনভাবে একেবারে তাঁর নিজের মত। যেহেতু আমরা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি হয়েছি, সেকারণে আমরা অন্য পশুদের চেয়ে আলাদা এবং জিনিস তৈরী করতে পারি আর জিনিসগুলির বিষয়ে চিন্তা করতে পারি। এর অর্থ এটাও যে আমরা ভুল ও ঠিকের মধ্যে পার্থক্য জানি, এবং ঈশ্বরে অনুসরণ করতে ও তাঁর পথগুলি জানতে পারি।*<br>• ঈশ্বর ছয় দিনে এই জগত এবং তার মধ্যে যা আছে তা সৃষ্টি করেছিলেন। তিনি যখন শেষ করেছিলেন তিনি বলেছিলেন তা খুব ভাল। সপ্তম দিনে তিনি বিশ্রাম করেছিলেন এবং তিনি যা কিছু সৃষ্টি করেছিলেন প্রতিটির প্রশংসা করেছিলেন। **(আদিপুস্তক ২:১-৩)** *আমরা যখন সত্যিই ব্যস্ত হই তখন আমাদের কিভাবে বিশ্রাম নেওয়া প্রয়োজন সেবিষয়ে কথা বলুন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান :** পাওয়ার পয়েন্ট www.teachingideas.co.uk.FBI — ঈশ্বর স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করেন |
| শিখুন | মূল পদটি শেখান এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **আদিপুস্তক ১:৩১** |
| স্মরণে রাখুন | • কোনদিন ঈশ্বর পাখী এবং মাছগুলী সৃষ্টি করেছিলেন?<br>• তাদের বিষয়ে ঈশ্বর কি বলেছিলেন?<br>• ষষ্ঠ দিনে জীবজন্তুর সাথে ঈশ্বর আর কি সৃষ্টি করেছিলেন?<br>• ঈশ্বর প্রতিটি জিনিস সৃষ্টি করার পর তিনি কি বলেছিলেন?<br>• প্রথম মানুষ কে ছিল?<br>• তাকে সৃষ্টি করতে ঈশ্বর কি ব্যবহার করেছিলেন?<br>• জগতটা সৃষ্টি করতে ঈশ্বর কতদিন সময় নিয়েছিলেন?<br>• সপ্তম দিনে ঈশ্বর কি করেছিলেন। |

# A১ ৩নং গল্প
## প্রথম পুরুষ ও নারী - এই গল্পটা আদমের স্ত্রীর বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর আদমের জন্য একজন স্ত্রী সৃষ্টি করেছিলেন, যেন তিনি ঈশ্বরের সৃষ্টিকে দেখাশোনা করতে আদমকে সাহায্য করতে পারেন।<br>• ঈশ্বর প্রতিটি জিনিস নিয়ন্ত্রণ করেন।<br><br>**মূল পদ : আদিপুস্তক ২:১৮ অথবা গীতসংহিতা ২৪:১**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২:৪-২৫** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের যদি বাগানের অভিজ্ঞতা থাকে, তবে তারা কি জন্মাতে দেখেছে সেবিষয়ে কথা বলুন, অথবা স্থানীয়ভাবে জন্মায় এমন ফুল/ফল/পাতাগুলি দেখান। বাগানের ধারনাটি যদি নতুন হয়, তবে সহজভাবে ব্যাখ্যা করুন যে এটা এমন একটা জায়গা যেখানে লোকেরা জিনিসগুলি জন্মায় এবং বর্ণনা করতে চেষ্টা করুন তা কিসের মত হতে পারে।<br>• ব্যাখ্যা করুন যে এদন বাগানটি আমরা যত সুন্দর আঁকি না কেন বা এমনকি কল্পনা করার চেয়েও আরও সুন্দর ছিল।<br>• এদন বাগান নিয়ে আলোচনা করুন — তোমরা কি এদন বাগানে বাস করতে পছন্দ করতে? কি মনে কর তোমরা কোনটা সবচেয়ে বেশী উপভোগ করতে? তোমরা কি মনে কর জায়গাটা কি আদমের জন্য একাকী হয়েছিল? |
| শিক্ষা দিন | • আদম এদন নামে একটা সুন্দর বাগানে বাস করতেন। সেখানেআদমের যা প্রয়োজন ছিল প্রত্যেকটা জিনিস ঈশ্বর আদমকে দিয়েছিলেন — খাদ্য এবং জল। ঈশ্বর আদমকে বাগানটা দেখাশোনা করতেও বলেছিলেন। **(আদিপুস্তক ২:১৫)**<br>• ঈশ্বর যে জীবগুলি সৃষ্টি করেছিলেন সবই আদমকে দেখিয়েছিলেন। আদম প্রতিটি জীবন্তবস্তুর একটা নাম দিয়েছিলেন। **(আদিপুস্তক ২:১৯-২০)**<br>• ঈশ্বর আদমকে একাকী রাখতে চান নি। আদম তাঁর চারিপাশে সুন্দর জীবজন্তু, পাখি, গাছপালা এবং চারাগাছ দিয়ে ঘেরা ছিলেন কিন্তু ঈশ্বর জানতেন তাঁর বিশেষ একজন দরকার যে বাগানে তাঁর জীবনের ভাগী হবে। ঈশ্বর আদমকে গভীর ঘুমে মগ্ন করলেন এবং যখন তিনি ঘুমিয়েছিলেন, তখন ঈশ্বর আদমের পাঁজর থেকে প্রথম নারী সৃষ্টি করলেন। আদম আর একাকী থাকলেন না। এবার তাঁর স্ত্রী থাকল যাকে বলা হোত হবা যিনি তাঁর সঙ্গী হতে পারতেন যখন তিনি বাগানটি দেখাশোনা করতেন যা ঈশ্বর তাঁকে দিয়েছিলেন। **(আদিপুস্তক ২:২০-২৪)**<br>• বাগানে অনেক গাছ ছিল। বাগানের ঠিক মাঝখানে একটা গাছ ছিল যাকে বলা হোত 'ভাল ও মন্দ জ্ঞানের গাছ। ঈশ্বর আদম ও হবাকে বলেছিলেন যে তাঁরা 'ভাল ও মন্দ জ্ঞানের গাছটির' ফল ছাড়া অন্য যে কোন গাছের ফল খেতে পারে। **(আদিপুস্তক ২:১৬-১৭)**<br>*বাড়ীতে এবং স্কুলে যে নিয়ম আছে ছেলেমেয়ের জন্য তা উল্লেখ করুন। কেন আমাদের নিয়ম থাকা প্রয়োজন? (আমাদের নিরাপদ ও সুখী রাখতে) চেক করুন ছেলেমেয়েরা নিয়মটি বুঝতে পেরেছে কিনা যার বিষয়ে ঈশ্বর আদম ও হবাকে বাধ্য হতে বলেছিলেন।*<br>• *ব্যাখ্যা করুন যে ঈশ্বর জগত এবং তার উপর নিয়ম সৃষ্টি করেছিলেন, কাজেই সেখানে মানুষ কিভাবে আচরণ করবে তার সিদ্ধান্ত নিতে তিনিই সবচেয়ে ভাল একজন। আমাদেরও উচিত তাঁর নিয়মের বাধ্য হওয়া।*<br><br>**বাইবেলটাইম পাঠটি এখানে শেষ করুন।**<br>**তা দেখান :** |
| শিখুন | মূল পদটি শেখান এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **আদি ২:১৮ অথবা গীত ২৪:১** |
| স্মরণে রাখুন | • আদম কোথায় থাকতেন?<br>• বাগানে আদমকে কি করতে হোত?<br>• জীবজন্তুরা কিভাবে তাদের নাম পেয়েছিল?<br>• বাক্যটি সম্পূর্ণ কর: ঈশ্বর আদমের জন্য একজন _ _ _ _ _ _ _ _ সৃষ্টি করতে চেয়েছিলেন।<br>• আদমের স্ত্রীকে তৈরী করতে ঈশ্বর কি ব্যবহার করেছিলেন?<br>• আদমের স্ত্রীকে কি বলে ডাকা হোত?<br>• বাগানে বিশেষ গাছটির নাম।<br>• 'ভাল ও মন্দ জ্ঞানের গাছটির' বিষয়ে ঈশ্বরের কি নিয়ম ছিল? |

## A১ ৪নং গল্প
## ঈশ্বরের বাক্য নষ্ট হল — জগতে পাপ প্রবেশের বিষয়ে এই গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• আদম ও হবা ঈশ্বরের অবাধ্য হয়েছিলেন এবং তাঁর নিখুঁত সৃষ্টিকে নষ্ট করেছিলেন।<br>• আমরাও ঈশ্বরের অবাধ্য হই এবং আমাদের পাপের জন্য দুঃখিত হওয়া এবং ঈশ্বরের ক্ষমা অন্বেষণ করা প্রয়োজন।<br><br>**মূল পদ : রোমীয় ৫:১২ অথবা রোমীয় ৫:১**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ৩:১-২৪** |
| পরিচয় করান | • একটা সুন্দর ছবি আনুন এবং তারপর তার উপর হিজিবিজি লিখে, ছিঁড়ে ইত্যাদি করে তা নষ্ট করুন।<br>• আলোচনা করুন — ছবিটার কি হয়েছে? এটা এখন দেখতে কেমন লাগে?<br>• ব্যাখ্যা করুন যে ঈশ্বর একটা নিখুঁত জগত সৃষ্টি করেছিলেন কিন্তু পরে তা নষ্ট হয়ে গিয়েছিল। |
| শিক্ষা দিন | • জগত যখন প্রথমে সৃষ্টি করা হয়েছিল, তখন প্রতিটি জিনিস নিখুঁত ছিল কিন্তু একদিন ঈশ্বরের শত্রু, শয়তান, সাপের বেশে, বাগানে ঢুকেছিল। সাপ হবার সাথে কথা বলেছিল এবং তাকে বলেছিল যে সে যদি 'ভাল ও মন্দ জ্ঞানের গাছটির' ফল খায়, সে তবে ঈশ্বরের মত জ্ঞানী হবে। **(আদিপুস্তক ৩:১-৫)**<br>• হবা ঈশ্বরের শত্রুর কথা শুনেছিলেন। তারপর ঈশ্বরের অবাধ্য হয়েছিলেন এবং ফলটার কিছুটা খেয়েছিলেন। তিনি কিছুটা আদমকে দিয়েছিলেন আর উভয়েই সেটা খেয়েছিলেন। **(আদিপুস্তক ৩:৬)**<br>• সেদিন সন্ধ্যায় ঈশ্বর আদম ও হবার সাথে কথা বলতে চেয়েছিলেন কিন্তু তারা জানতেন তাঁরা তাঁর অবাধ্য হয়েছেন আর সেজন্য তাঁরা তাঁর কাছ থেকে লুকিয়ে ছিলেন। **(আদিপুস্তক ৩:৭-৮)** *তোমরা কি কখনও কারও অবাধ্য হয়েছ? তার ফল হিসাবে কি কোনকিছু হয়েছিল? ব্যাখ্যা করুন যে আদম ও হবা ঈশ্বর থেকে লুকিয়ে থাকতে পারেন নি এবং আমরাও তা পারি না।*<br>• ঈশ্বর ডাকলেন "তোমরা কোথায়?" তিনি জানতেন তাঁরা তাঁর অবাধ্য হয়েছিলেন, এবং যদিও তখনও তিনি তাঁদের ভালবাসতেন, তবুও তাঁদের অবাধ্যতার জন্য শাস্তি দিতে হয়েছিল। ঈশ্বর আদম ও হবাকে বাগান থেকে বের করে দিয়েছিলেন। তাঁদের পাপ ঈশ্বরের সৃষ্টিকে নষ্ট করে দিয়েছিল এবং ঈশ্বরের সাথে তাঁদের বন্ধুত্বটি ধ্বংস করেছিল। আদম ও হবার পাপের কারণে, কাঁটা ও আগাছা বৃদ্ধি পেতে শুরু করল। জীবজন্তু এবং মানুষ অসুস্থ হয়ে পড়ল এবং সব কিছু থেকে খারাপ, মৃত্যু জগতে প্রবেশ করেছিল। **(আদিপুস্তক ৩:৯-২৪)**<br>• *আমরা যখন ভুল কাজগুলি করি ঈশ্বর তখনও হতাশ হন। ছেলেমেয়েরা করে থাকে এমন কয়েকটি জিনিস একসাথে ধরা যাক যা ঈশ্বরকে অসন্তুষ্ট করে। এটা সত্ত্বেও তিনি আমাদের প্রচুর ভালবাসেন। ঈশ্বরের পুত্র যীশু ক্রুশের উপর মরেছিলেন যেন আমরা ক্ষমা পাই এবং যখন আমরা তাঁকে বিশ্বাস করি তখন ঈশ্বরের বন্ধু হই।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান : এফবিআই — আদম ও হবা ঈশ্বরের অবাধ্য হন।** |
| শিখুন | মূল পদটি শেখান এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন — **রোমীয় ৫:১২ অথবা রোমীয় ৫:১** |
| স্মরণে রাখুন | • ফলটি খেতে কে হবাকে পরীক্ষা করেছিল?<br>• কিভাবে শয়তান ফলটি খেতে হবাকে প্রলোভিত করেছিল?<br>• হবা কাকে ফলটা দিয়েছিলেন?<br>• ঈশ্বর যখন আদম ও হবাকে ডেকেছিলেন তখন তাঁরা কি করেছিলেন?<br>• আদম ও হবা যা করেছিলেন সে বিষয়ে ঈশ্বর কেমন অনুভব করেছিলেন?<br>• আদম ও হবার কি হয়েছিল?<br>• যখন আমরা সেই জিনিসগুলি করি যা ভুল তখন ঈশ্বর কেমন অনুভব করেন?<br>• আমরা যে ভুল জিনিসগুলি করি তার জন্য আমরা কিভাবে ক্ষমা পেতে পারি? |

## A২ ১নং গল্প

## নোহ ঈশ্বরের বাধ্য হন — এই গল্পটা নোহের জাহাজ তৈরী করার বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• নোহ ও তাঁর পরিবার এবং জীবজন্তুগুলিকে জাহাজে নিরাপদে রাখা হয়েছিল।<br>• আমাদের রক্ষা করার জন্যও ঈশ্বর একটা উপায় যুগিয়েছিলেন, কাজেই নোহ যেমন করেছিলেন তেমনি আমরাও তাঁকে বিশ্বাস করতে পারি।<br><br>**মূল পদ : প্রেরিত ১৬:৩১**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ৬:৫-২২** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের প্রিয় জন্তুগুলি কি কি তা আপনাকে বলতে বলুন।<br>• ওইসব জন্তুগুলি যদি এক জায়গায় থাকে তবে তা দেখতে কেমন লাগবে তা আলোচনা করুন। কি রকম জায়গায় তাদের রাখা যাবে? শব্দটা কিসের মত হবে? কিসের মত গন্ধ হবে?<br>• ব্যাখ্যা করুন যে তারা বাইবেল থেকে একটা গল্প শুনতে যাচ্ছে এমন একটা সময়ের বিষয় যখন কয়েকজন মানুষ এবং প্রচুর জীবজন্তু এক বড় নৌকার মধ্যে ঢুকেছিল। |
| শিক্ষা দিন | • ঈশ্বর যখন আমাদের জগতটা সৃষ্টি করেছিলেন, তখন প্রতিটি জিনিস ভাল এবং সুন্দর ছিল। বেশীদিন আগে নয়, আদম ও হবা তাঁর অবাধ্য হয়েছিলেন। তাঁদের সন্তানরা স্বার্থপর ও দুষ্ট হয়েছিল এবং ঈশ্বর দুঃখিত হয়েছিলেন যে তিনি তাঁদের সৃষ্টি করেছিলেন। **(আদিপুস্তক ৬:৫-৬)**<br>• সমগ্র জগত খুব দুষ্ট ছিল কিন্তু একজন মানুষ ছিল যিনি সত্যিই ঈশ্বরকে সন্তুষ্ট করেছিলেন! তাঁর নাম ছিল নোহ। এই ব্যক্তি ও তাঁর স্ত্রী, তাঁদের তিনজন ছেলে ও তাঁদের বউদের নিয়ে, ঈশ্বর যা চেয়েছিলেন তা করতে চেষ্টা করেছিলেন, যখন চারিপাশে সমস্ত পরিবারগুলি কেবলমাত্র নিজেদের সন্তুষ্ট করেছিল এবং ঈশ্বরের বিষয়ে সব ভুলে গিয়েছিল। **(আদিপুস্তক ৬:৮-১০)**<br>• ঈশ্বর সিদ্ধান্ত নিয়েছিলেন যে জগত যখন এত খারাপ হয়েছিল তখন তাঁর শাস্তি দেওয়া উচিত। ঈশ্বর চেয়েছিলেন নোহ যেন একটা বড় নৌকা তৈরী করেন যাকে বলা হয় জাহাজ। যখন তা তৈরী হয়ে যাবে তখন ঈশ্বর পৃথিবীর উপর এক বিরাট বন্যা পাঠাবেন। সমস্ত জীবিত প্রাণী মারা যাবে, কিন্তু নোহ ও তাঁর পরিবারকে জাহাজের ভিতর নিরাপদে রাখা হবে। **(আদিপুস্তক ৬:১৩-১৮)**<br>• ঈশ্বর নোহকে যেমন বলেছিলেন, তিনি ঠিক তেমনই প্রতিটি জিনিস করেছিলেন। অতি বড় নৌকা যাকে জাহাজ বলা হয় সেটা তৈরী করতে তাঁর সম্ভবত প্রায় ১০০ বছর সময় লেগেছিল। *আয়তনের বিষয়ে কথা বলুন — একটা ফুটবল খেলার মাঠের মত অত বড় এবং তিন তলা বাড়ীর মত উঁচু।* শেষ পর্যন্ত, অনেক পরিশ্রমের পর, জাহাজটি তৈরী শেষ হয়েছিল। **(আদিপুস্তক ৬:২২)**<br>• ঈশ্বর নোহকে প্রতি ধরণের পশু ও পাখী জাহাজে আনতে বললেন। *পরিচয়ের সময় ছেলেমেয়েরা যে সব জীবজন্তুর উল্লেখ করেছিলেন তাদের কয়েকটার নাম বলুন।* এগুলি নোহ ও তাঁর পরিবারের সাথে নিরাপদে রাখা হয়েছিল। *নোহের পরিবারের আটজন সদস্যদের গুনে নিন যারা জাহাজের ভিতর ঢুকেছিল।* যখন সকলে ভিতরে গিয়েছিল ঈশ্বর দরজা বন্ধ করে দিয়েছিলেন। তাদের রক্ষা করতে ঈশ্বরের পরিকল্পনাটি রক্ষা করা হয়েছিল। **(আদিপুস্তক ৭:১৩-১৬)**<br>• *ব্যাখ্যা করুন যে আমরাও অনেক ভুল জিনিস করেছি। আমাদের পাপের জন্য শাস্তি পাওয়া থেকে আমাদের রক্ষা পাওয়া দরকার। ঈশ্বর নিরাপদ হতে আমাদের জন্য এক উপায় যুগিয়েছেন যখন আমরা তাঁর পুত্র, প্রভু যীশুর উপর আমাদের বিশ্বাস রাখি। তিনি একটা জাহাজের মত যা ঈশ্বর আমাদের জন্য যুগিয়েছেন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান : এফবিআই** — নোহ ও জাহাজ |
| শিখুন | মূল পদটি শেখান এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **প্রেরিত ১৬:৩১** |
| স্মরণে রাখুন | • জগতে কি সমস্যা ছিল?<br>• ঈশ্বর কি করতে সিদ্ধান্ত নিয়েছিলেন?<br>• কে ঈশ্বরকে সন্তুষ্ট করেছিলেন?<br>• ঈশ্বর নোহকে কি করতে বলেছিলেন?<br>• জাহাজে কারা গিয়েছিল?<br>• কে জাহাজের দরজা বন্ধ করেছিলেন?<br>• কেন জাহাজের ভিতরের লোকদের নিরাপদে রাখা হয়েছিল?<br>• আমাদের পাপের জন্য শাস্তি পাওয়া থেকে কিভাবে আমরা নিরাপদে থাকতে পারি? |

# A২ ২নং গল্প

# জাহাজে নিরাপদ — যখন বন্যা শুরু হয়েছিল সেবিষয়ে এই গল্প

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• নোহ এবং তাঁর পরিবারকে নিরাপদে রাখা হয়েছিল কারণ তাঁরা ঈশ্বরে বিশ্বাস করেছিলেন এবং বাধ্য হয়েছিলেন।<br>• ঈশ্বর আমাদের নিরাপদে রাখতে প্রতিজ্ঞা করেছেন যদি আমরা তাঁকে বিশ্বাস করি।<br><br>**মূল পদ : হিতোপদেশ ২৯:২৫**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ৭:১-১৬** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের সেই বিষয়ে বলতে বলুন যা তারা গঠন করেছে বা তৈরী করেছে — এটা তৈরী করতে তুমি কি ব্যবহার করেছিলে? এটা তৈরী করা কি কঠিন ছিল? কেউ কি তোমাকে সাহায্য করেছিল?<br>• তাদের গল্পটি পুনরায় বলূন — জাহাজটা বানাতে নোহ কি ব্যবহার করেছিলেন? তোমরা কি মনে কর এটা তৈরী করা কি কঠিন ছিল? কেন তিনি এটা বানিয়েছিলেন?<br>• জোর দিন যে যদিও এটা বানান কঠিন কাজ ছিল, নোহ তবুও জাহাজটি বানিয়েছিলেন কারণ ঈশ্বর তাঁকে তা করতে বলেছিলেন। তিনি সম্পূর্ণরূপে ঈশ্বরের নির্দেশের বাধ্য হয়েছিলেন। |
| শিক্ষা দিন | • এখন নোহ ও তাঁর পরিবার জাহাজে নিরাপদ ছিলেন। **(আদিপুস্তক ৭:৬-৭)**<br>• সাত দিন পর বৃষ্টি শুরু হয়েছিল। দিনের পর দিন বৃষ্টি হয়েই চলেছিল! সমস্ত ঘাস ও ফুল জল দিয়ে ঢেকে গিয়েছিল। নদী এবং সমুদ্রগুলিকে বিরাট বন্যায় পরিণত করা হয়েছিল। **(আদিপুস্তক ৭:১৭-২০)** *ব্যাখ্যা করুন যে এখন সেইসব মানুষদের জন্য অনেক দেরী হয়ে গিয়েছে যারা আগে নোহর কথায় হেসেছিল এবং জাহাজের বাইরে ছিল।*<br>• তখনও জল আরও আরও বাড়ছিল। তা ঘরবাড়ী, গাছপালা এবং এমনকি সবচেয়ে উঁচু পাহাড়গুলিও ঢেকে দিয়েছিল। **(আদিপুস্তক ৭:২০-২১)** *কল্পনা করতে চেষ্টা করুন নোহ এবং তাঁর পরিবার জাহাজের ভিতরে থেকে কেমন অনুভব করেছিলেন? নোহ যদি ঈশ্বরের বাধ্য না হতেন তবে কি হোত?*<br>• জাহাজের ভিতরে নোহ, তাঁর পরিবার এবং সমস্ত জীবজন্তু নিরাপদে ছিল! কারণ নোহ ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন এবং বাধ্য হয়েছিলেন। তিনি তাদের সকলকে রক্ষা করেছিলেন। **(আদিপুস্তক ৭:২৩)**<br>• *ছেলেমেয়েদের কাছে ব্যাখ্যা করুন যে ঈশ্বর চান আমরাও যেন তাঁর বাধ্য হই এবং তাঁকে বিশ্বাস করি। তিনি আমাদেরও নিরাপদে রাখতে প্রতিজ্ঞা করেছেন, যদি আমরা তাঁকে বিশ্বাস করি ও তাঁর বাধ্য হই যেমন নোহ করেছিলেন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — নোহ এবং জাহাজ। এছাড়াও বিনামূল্যে www.bibleforchildren.org থেকে পাওয়ার পয়েন্ট |
| শিখুন | মূল পদটি শেখান এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **হিতোপদেশ ২৯:২৫** |
| স্মরণে রাখুন | • কিভাবে নোহ দেখিয়েছিলেন যে তিনি ঈশ্বরকে ভালবাসতেন?<br>• জাহাজে নোহর সাথে কারা গিয়েছিল?<br>• বৃষ্টি শুরু হওয়ার আগে তারা কতদিন জাহাজের ভিতরে ছিল?<br>• কত উঁচুতে জল উঠেছিল?<br>• কাদের নিরাপদ রাখা হয়েছিল?<br>• কেন নোহকে নিরাপদ রাখা হয়েছিল?<br>• কে আমাদের নিরাপদ রাখবেন যদি আমরা তাঁকে বিশ্বাস করি? |

# A২ ৩নং গল্প

## একেবারে এক নতুন শুরু — এই গল্পটা সেই বিষয়ে যখন বন্যা শেষ হয়ে গিয়েছিল।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর নোহ ও তাঁর পরিবারকে বাস করতে এক নতুন পরিষ্কার জগত দিয়েছিলেন।<br>• ঈশ্বর আমাদের জীবন নতুন এবং পরিষ্কার করতে পারেন যদি আমরা তাঁর কাছে ক্ষমা চাই।<br><br>**মূল পদ : ২ করিন্থীয় ৫:১৭**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ৮:১-১৯** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের বলুন যে নোহ এবং তাঁর পরিবারকে জাহাজে অনেকদিন কাটাতে হয়েছিল।<br>• জাহাজে থাকাটা কেমন তা কল্পনা করতে ছেলেমেয়েদের সুযোগ দিন — সারাদিন তোমরা কি করতে? তোমরা কি মনে কর তোমাদের কেমন অনুভব হোত? |
| শিক্ষা দিন | • দীর্ঘ ৪০ দিন পর শেষে বৃষ্টি থেমেছিল। কিন্তু তখনও বন্যা পাহাড়গুলি দেখতে পাওয়া থেকে লুকিয়ে রেখেছিল। **(আদিপুস্তক ৮:১-৪)**<br>• একদিন নোহ জাহাজ থেকে একটা দাঁড়কাক পাঠালেন, দেখতে চাইলেন জল নীচে নেমেছে কি না কিন্তু দাঁড়কাকটি আর ফিরে এল না। পরে, নোহ একটা কবুতরকে পাঠালৈন যা শীঘ্রই ফিরে এসেছিল। এক সপ্তাহ পর নোহ আবার তাকে পাঠালেন এবং প্রত্যেকে সত্যিই খুশী হয়েছিল যখন সে ঠোঁটে করে জলপাইয়ের পাতা নিয়ে ফিরে এসেছিল। *ব্যাখ্যা করুন যে তার অর্থ গাছগুলির উপরের অংশ জলের উপরে ছিল।* **(আদিপুস্তক ৮:৬-১১)**<br>• সাতদিন পর নোহ আবার কবুতরটিকে পাঠিয়েছিললেন। এই সময় সে আর ফিরে আসে নি। নোহ জেনেছিলেন যে জল আরও নীচে নেমে গিয়েছে, এবং কবুতরটি নতুন বাসা খুঁজে পেয়েছে। সব শেষে, অরারট পর্বত নামে একটা পর্বতের উপর এসে জাহাজটা থেমে গিয়েছিল। **(আদিপুস্তক ৮:১২)**<br>• মাটি যখন আবার শুকিয়ে গিয়েছিল, ঈশ্বর নোহকে জীবজন্তু নিয়ে জাহাজ থেকে বেরিয়ে আসতে বলেছিলেন। এটা প্রত্যেকের জন্য কত বড় খবর ছিল! অতি দীর্ঘ সময়ের জন্য তারা জাহাজে বন্ধ হয়েছিল! *তোমরা কি মনে কর নোহ এবং তাঁর পরিবারকে যখন জাহাজটা ছাড়তে হয়েছিল তখন তাঁরা কেমন অনুভব করেছিলেন? নতুন জগতটি দেখতে কেমন হয়েছিল ছেলেমেয়েদের সাথে তা অনুসন্ধান করুন।* **(আদিপুস্তক ৮:১৫-১৯)**<br>• *ব্যাখ্যা করুন যে নোহের দিনের মানুষের চেয়ে আজ আমাদের কোন পার্থক্য নাই। ঈশ্বর আমাদের জীবনের খারাপ জিনিসগুলিও সরিয়ে নিতে পারেন এবং নতুন পরিষ্কার হৃদয় দিতে পারেন। আমাদের ঈশ্বরের কাছে ক্ষমা চাইতে হবে এবং প্রভু যীশুকে বিশ্বাস করতে হবে যিনি আমাদের পাপ সরিয়ে দিতে ক্রুশে মরেছিলেন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — নোহ এবং জাহাজ। এছাড়াও বিনামূল্যে www.bibleforchildren.org থেকে পাওয়ার পয়েন্ট |
| শিখুন | মূল পদটি শেখান এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **২ করিন্থীয় ৫:১৭** পদটি ব্যাখ্যা করছে যে প্রভু যীশু আমাদের জীবনের ভিতরটা পরিবর্তন করতে পারেন। |
| স্মরণে রাখুন | • নোহ জাহাজ থেকে প্রথমে কোন পাখিটা পাঠিয়েছিলেন?<br>• দ্বিতীয় বার কবুতরটি ঠোঁটে করে কি নিয়ে এসেছিল?<br>• জাহাজটি কোথায় আটকে গিয়েছিল?<br>• কে নোহকে জাহাজ থেকে বেরিয়ে আসতে বলেছিলেন?<br>• বন্যার হাত থেকে কারা রক্ষা পেয়েছিল?<br>• কে আমাদের পাপের জন্য শাস্তি পেয়েছিলেন?<br>• পরিস্কার হৃদয় পেতে আমাদের কি করতে হবে?<br>• হারান শব্দটি পূর্ণ কর : "কেহ যদি খ্রীষ্টে থাকে তবে সে এক নতুন ____________ ।" |

# A২ ৪র্থ গল্প
## ঈশ্বরের প্রতিজ্ঞা — এই গল্পটা তোমাকে ধন্যবাদ বলার বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর সর্বদা তাঁর প্রতিজ্ঞাগুলি রক্ষা করেন।<br>• ঠিক যেমন ঈশ্বর নোহ ও তাঁর পরিবারের দেখাশুনা করেছিলেন, তেমনই ঈশ্বর প্রতিজ্ঞা করেছেন কখনও তাদের পরিত্যাগ করবেন না যারা তাঁকে বিশ্বাস করে এবং তাঁকে অনুকরণ করে।<br><br>**মূল পদ : গণণাপুস্তক ১০:২৯ অথবা ইব্রীয় ১৩:৫**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ৮:২০-২২ এবং ৯:৭-১৭** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের একটা সময়ের উদাহরণ দিন যখন কেউ একজন আপনার কাছে প্রতিজ্ঞা করেছিল।<br>• একজন সঙ্গীকে একটা সময়ের বিষয়ে বলতে ছেলেমেয়েদের সুযোগ দিন যখন কেউ একজন তাদের কাছে প্রতিজ্ঞা করেছিল।<br>• ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন কেউ কি কখনও তার প্রতিজ্ঞা ভেঙেছিল যা তাদের কাছে করা হয়েছিল?<br>• ছেলেমেয়েদর বলুন যে বাইবেল ঈশ্বরের দেওয়া প্রতিজ্ঞায় পূর্ণ এবং তিনি কখনও তাঁর প্রতিজ্ঞা ভঙ্গ করেন না।<br>• ছেলেমেয়েদের বলুন যে যদি আমরা ঈশ্বরকে বিশ্বাস করা এবং অনুসরণ করা বেছে নিই তবে তিনি কখনও আমাদের পরিত্যাগ করবেন না বলে প্রতিজ্ঞা করেছেন। |
| শিক্ষা দিন | • নোহ এবং তাঁর পরিবার নিরাপদ ছিলেন! তাঁরা অনেক দিন ধরে জাহাজে থেকেছিলেন, কিন্তু এখন ঈশ্বর বললেন যে নোহ, তাঁর পরিবার এবং জীবজন্তু এখন জাহাজ পরিত্যাগ করতে পারে। **(আদিপুস্তক ৮:১৫-১৯)**<br>• প্রথম জিনিস যা নোহ করতে চেয়েছিলেন তা ছিল বন্যার মধ্যেও তাঁকে এবং তাঁর পরিবারকে নিরাপদে রাখার জন্য ঈশ্বরকে বলা 'তোমাকে ধন্যবাদ'। নোহ কয়েকটা বড় পাথর সংগ্রহ করা এবং একটার উপর একটা রেখে বেদী তৈরী করার দ্বারা তা করতে চেয়েছিলেন। নোহের সময়ে লোকেরা ঈশ্বর তাদের জন্য যা করেছেন সেজন্য তাঁকে ধন্যবাদ দিতে বেদীর উপর বলি দিত। **(আদিপুস্তক ৮:২০-২১)** *কি প্রকারের জিনিসের জন্য আমরা ঈশ্বরকে বলতে পারি তোমাকে ধন্যবাদ? (বোর্ডের উপর অথবা একটা বড় কাগজের উপর ঈশ্বরকে ধন্যবাদ দেবার জিনিসগুলির তালিকা তৈরী করতে পারেন।)*<br>• ঈশ্বর খুব সন্তুষ্ট হয়েছিলেন যে নোহ এবং তাঁর পরিবার তাঁকে ধন্যবাদ দিতে মনে রেখে ছিলেন। তিনি তারপর তাঁদের এক আশ্চর্য্য প্রতিজ্ঞা দিয়েছিলেন, "আমি আবার কখনও সারা পৃথিবীতে বন্যা দিব না।" **(আদিপুস্তক ৮:২১-২২)**<br>• তারপর ঈশ্বর তাঁদের কোনকিছু দেখিয়েছিলেন যা ছিল তাঁর প্রতিজ্ঞার স্মরণার্থে। এটা ছিল একটা মেঘধনু। প্রত্যেক সময় নোহ এবং তাঁর পরিবার যখন মেঘধনু দেখতেন তখন তা তাদের ঈশ্বরের প্রতিজ্ঞার কথা মনে করিয়ে দিত। **(আদিপুস্তক ৯:১২-১৩)** *মেঘধনু এবং তার অপূর্ব রঙের বিষয়ে কথা বলুন। পরের বার ছেলেমেয়েরা যখন তা দেখবে তখন ঈশ্বর এবং তাঁর প্রতিজ্ঞাগুলির বিষয়ে চিন্তা করতে ছেলে মেয়েদের উৎসাহ দিন।*<br>• *ঈশ্বর নোহের কাছে যে প্রতিজ্ঞা করেছিলেন তা কি তিনি রক্ষা করেছিলেন? আমরা যখন ঈশ্বরকে বিশ্বাস করি তখন সে তিনি আমাদের সাথে থাকেন তাঁর এই প্রতিজ্ঞাটি তিনি এখনও কিভাবে রক্ষা করেন তা বুঝতে ছেলেমেয়েদের সাহায্য করুন। (২য় মূল পদটি দেখুন)*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — নোহ এবং জাহাজ। এছাড়াও বিনামূল্যে www.bibleforchildren.org থেকে পাওয়ার পয়েন্ট |
| শিখুন | পদটি শেখান এবং যেখানে প্রয়োজন মূল ব্যাখ্যা করুন — **গননাপুস্তক ১০:২৯ অথবা ইব্রীয় ১৩:৫** |
| স্মরণে রাখুন | • গল্পটির বিষয়ে ছেলেমেয়েরা কতটা মনে রাখতে পারে তা দেখবার জন্য পূর্বের পাঠগুলি থেকে নোহের উপর বেছে নেওয়া প্রশ্নগুলি পছন্দ করে নিন।<br>• নোহের গল্পটি অধ্যয়ণ করার সময় ছেলেমেয়েরা যে মূলপদগুলি শিখেছে তা পুনরায় উল্লেখ করুন।<br>• ছেলেমেয়েরা গল্পে তাদের প্রিয় অংশটার ছবি আঁকতে পারে অথবা/এবং তারা যা শিখেছে সে বিষয়ে একটা বাক্য লিখতে পারে।<br>• একটি দল অথবা ক্লাস জাহাজ থেকে বেরিয়ে আসা লোকদের এবং জীবজন্তুদের দিয়ে একটা কোলাজ তৈরী করতে পারে, এছাড়াও বেদী এবং মেঘধনুও যোগ করতে পারে। |

## A৩ ১নং গল্প
## যীশু পিতরকে আহ্বান করেন — এই গল্পটা প্রভু যীশুকে অনুসরণ করার বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• যীশুর সাথে কাজ করতে এবং ভবিষ্যতে তাঁর কাজ বহন করে নিয়ে যেতে তাঁর সাহায্যকারীর প্রয়োজন ছিল।<br>• তাঁর সাহায্যকারী হতে, আমাদের যীশুকে অনুসরণ করা এবং তাঁর বাধ্য হওয়া উচিত।<br><br>**মূল পদ : মথি ৪:১৯**<br>**বাইবেলের অংশ : মথি ৪:১৮-২২** |
| পরিচয় করান | • বন্ধুদের বিষয়ে কথা বলুন। কোথায় তাদের বন্ধুদের সাথে প্রথম দেখা হয়েছিল? বন্ধু থাকা কেন একটা ভাল জিনিস? কি ধরনের বন্ধু থাকা ভাল? (ইঙ্গিতগুলি হতে পারে দয়ালু, সাহায্যকারী, ভরসাকারী ইত্যাদি....)<br>• ব্যাখ্যা করুন যে প্রভু যীশুর ভাল বন্ধুরা ছিল আর আজ আমরা তাদের কয়েকজনের বিষয়ে শিখব।<br>• দৃশ্যটি তৈরী করুন — গিনেষরৎ নামে একটা বড় হ্রদ যার চারিপাশ পাহাড় দিয়ে ঘেরা। জেলেরা মাছ ধরতে এখানে কাজ করত। বর্ণনা করুন কিভাবে তারা এটা করত (নৌকা, জাল, ইত্যাদি)। এটা কঠিন কাজ ছিল। |
| শিক্ষা দিন | • যীশু পিতর ও তার ভাই আন্দ্রিয়কে ডাকেন। **(মথি ৪:১৮-১৯)** পিতর ও যোহন আগে প্রভু যীশুর সাথে মিলিত হয়েছিল এবং তারা জানত তিনি কত গুরুত্বপূর্ণ ছিলেন। এখন যীশু চেয়েছিলেন তারা যেন তাদের মাছ ধরা পরিত্যাগ করে এবং তাঁর সাথে আসে এবং তাঁর কাজে সাহায্য করে। *আসল কথাগুলি ব্যবহার করুন যা যীশু ব্যবহার করেছিলেন এবং ব্যাখ্যা করুন যে তাদের নতুন কাজ হবে যীশুকে জানতে অন্যদের তাঁর কাছে আনা। কি দারুন বিশেষ কাজ করতে যীশু তাদের নিমন্ত্রণ জানিয়েছিলেন।*<br>• পিতর ও আন্দ্রিয়ের সাড়া। **(মথি ৪:২০)** সেই ক্ষণেই তারা জেনেছিল এটা করাই তাদের জন্য ঠিক জিনিস। তৎক্ষণাৎ যীশুর সাথে যাওয়ার দ্বারা তারা তাদের ইচ্ছা জানিয়েছিল। *ছেলেমেয়েদের জীবনে একটা পরিস্থিতির সাথে এটা তুলনা করুন যেখানে তারা তখনই বাধ্য হয়। পিতর ও আন্দ্রিয় কেমন অনুভব (উত্তেজিত, খুশী এবং বিশেষ কেউ কারণ যীশু তাদের বেছে নিয়েছেন) করছিল তা অনুসন্ধান করুন। ২নং স্তরের শিশুদের জন্য, ব্যাখ্যা করুন যে এখন তারা যীশুর শিষ্য। এর অর্থ এই যে তিনি যেখানেই যান তাঁকে অনুসরণ করতে, তাঁর কাছ থেকে শিখতে এবং তাঁর বাধ্য হতে তারা প্রস্তুত।*<br>• যীশু যাকোব ও যোহনকে ডাকেন **(মথি ৪:২১, ২২)** পরে সেইদিনে, যীশু আরও দুইজন জেলেদের ডেকেছিলেন এবং তারাও যীশুকে অনুসরণ করেছিল। (২য় স্তর)<br>• *প্রভু যীশু চান আমরা প্রত্যেকেই যেন তাঁর শিষ্য হই। আমরা যদি তাঁর শিষ্য হই তবে তিনি আমাদের তাঁর কাজে ব্যবহার করতে পারেন। বাইবেলের গল্পের জেলেদের মত, আমাদের তাঁর বাক্যের বাধ্য হওয়া প্রয়োজন। কোথায় আমরা তাঁর বাক্য খুঁজে পাই যা আমাদের জন্য লেখা আছে? (বাইবেলের গুরুত্বটি উল্লেখ করুন)*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — যীশু তাঁর প্রথম শিষ্যদের ডাকেন। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন, খেয়াল রাখুন যে ছেলেমেয়েরা "মনুষ্যধারী" শব্দটা বুঝেছে — **মথি ৪:১৯** |
| স্মরণে রাখুন | • যীশু সবশুদ্ধ কতজন জেলেকে ডেকেছিলেন?<br>• কোথায় তারা কাজ করত?<br>• আন্দ্রিয়ের ভাই কে ছিল?<br>• তারা কি হবে বলে যীশু প্রতিজ্ঞা করেছিলেন?<br>• পিতর ও আন্দ্রিয় যখন যীশুর সাথে গিয়েছিল তখন তারা কি ফেলে দিয়ে এসেছিল?<br>• পিতর ও আন্দ্রিয় কিভাবে দেখিয়েছিল যে তারা সত্যিই যীশুর শিষ্য হতে চায়?<br>• দ্বিতীয় ভাইদের জোড়াটি কারা ছিল যাদের যীশু খুঁজে পেয়েছিলেন?<br>• যাকোব ও যোহন কি করছিল যখন যীশু এসেছিলেন?<br>• তাদের সাথে নৌকায় কে ছিল?<br>• বাক্যটি সম্পূর্ণ করুন — আমরা যদি যীশুর শিষ্য হতে চাই তবে আমাদের অবশ্যই তাঁর বাক্যের _ _ _ _ _ _ _ হতে হবে। |

# A৩ ২নং গল্প
## যীশু পিতরকে সাহায্য করেন — এই গল্পটা পিতরের শিক্ষার বিষয়ে যে সে কত পাপী

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• যীশুর ক্ষমতা পিতরের জীবনে এক প্রভাব ফেলেছিল।<br>• যীশু ঈশ্বরের পুত্র এবং তিনি চান আমরাও যেন পিতরের মত তাঁকে অনুসরণ করি।<br><br>**মূল পদ : লূক ৫:১০**<br>**বাইবেলের অংশ : লূক ৫:১-১১** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের সেই জিনিসগুলি চিন্তা করতে বলুন যে জিনিসগুলিতে তারা ভাল। ছেলেমেয়েদের মনে করিয়ে দিন যে আমাদের সকলেরই কৌশল এবং সক্ষমতা আছে।<br>• পিতর মাছ ধরায় ভাল ছিল। সে অনেকদিন ধরে একজন জেলে ছিল। কিন্তু আজকের গল্পে, পিতর শিখেছিল সফলতা লাভ করতে তার যীশুর নির্দেশগুলি পালন করা প্রয়োজন! (আপনার হয়ত ব্যাখ্যা করা প্রয়োজন যে পিতরকে কোন কোন সময় শিমোন পিতর ডাকা হয়) |
| শিক্ষা দিন | • পূর্ববর্তী পাঠ থেকে বিষয়টি ছেলেমেয়েদের মনে করিয়ে দিন। আজকের গল্পে, যীশু পিতরের নৌকা ব্যবহার করেছিলেন এবং লোকদের ঈশ্বরের বাক্য শিক্ষা দিয়েছিলেন। **(লূক ৫:১-৩)**<br>• পিতরের প্রতি যীশুর আদেশ। যীশু পিতরকে গভীর জলে যেতে, জাল ফেলতে এবং মাছ ধরতে বলেছিলেন। **(লূক ৫:৪-৫)** *এ বিষয়ে পিতরের অনুভূতিটা অনুসন্ধান করুন।*<br>• প্রচুর মাছ ধরা হয় **(লূক ৫:৬-৭)** *আগের রাত এবং বিস্তর মাছ ধরার সাথে তুলনাটি জানান।* এটা ছিল এক আশ্চর্য্য কাজ! নৌকায় পিতরের সাথে মাছের সৃষ্টিকর্তা ছিলেন আর এটা ছিল তাঁরই শক্তি যা পিতরের জালে মাছগুলি এনেছিল।<br>• পিতরের প্রতিক্রিয়া **(লূক ৫:৮,৯)** ব্যাখ্যা করুন যে পিতর এক নতুন উপায়ে চিনতে পেরেছিল যীশু কে ছিলেন। তিনি পিতরের মত একজন সাধারণ মানুষ ছিলেন না। তিনি ছিলেন সর্বশক্তিমান প্রভু যীশু এবং তাঁর সাথে তুলনা করলে, পিতর জেনেছিল সে ঠিক কতটা পাপী ছিল।<br>• পিতরের নতুন কাজ **(লূক ৫:১০)** যীশু পিতরকে বলেছিলেন যে এখন থেকে সে মানুষ ধরবে! *খেয়াল রাখুন ছেলেমেয়েরা যেন এই মতবাদটি বুঝে যা গত সপ্তাহের গল্প ছিল।* এখন পিতর জেনেছিল যে তার করার জন্য প্রভু যীশুর কাছে আরও গুরুত্বপূর্ণ কান কিছু আছে কাজেই সে সবকিছু পরিত্যাগ করেছিল এবং যীশুকে অনুসরণ করেছিল **(লূক ৫:১১)**<br>• *প্রভু যীশু চান আমরা যেন তাঁর মহত্ব এবং ক্ষমতা চিনি। তাঁকে আমরা আমাদের জীবনে পেতে পারি। কি পার্থক্য তিনি তৈরী করেন যখন আমরা তাঁর বাধ্য হওয়া এবং তাঁকে অনুসরণ করা বেছে নিই যেমন পিতর করেছিল।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।** |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন **লূক ৫:১০** |
| স্মরণে রাখুন | • যীশু কি ব্যবহার করেছিলেন যা পিতরের ছিল?<br>• জনতার কাছে কথা বলা শেষ করার পর যীশু পিতরকে কি করতে বলেছিলেন?<br>• কখন পিতর শেষ মাছ ধরেছিল?<br>• কিভাবে পিতর প্রচুর মাছ ধরার বিষয়টি সব মিলিয়ে ছিল?<br>• এক বিশেষ কাজের জন্য নামটি কি যা যীশু করতে পারেন কারণ তিনি ঈশ্বরের পুত্র?<br>• কেন পিতর যীশুর সামনে হাঁটু পেতে পড়েছিলেন?<br>• বিস্তর মাছ ধরার দ্বারা আর কে আশ্চর্য্য হয়েছিল?<br>• যীশু পিতরকে কি বলেছিলেন যা সে তখন থেকে করবে?<br>• গল্পটার শেষে পিতর এবং তার বন্ধুরা কি করেছিল?<br><br>**প্রদর্শন করুন :** আপনি যদি গল্পটি বিদ্যালয়ের প্রসঙ্গে বলেন যেখানে পেন্সিল, কাগজ এবং কাঁচি থাকে, তবে প্রতিটি শিশু একটা মাছ আঁকতে এবং আকারটি কাটতে পারে। সব মাছগুলি একসাথে প্রদর্শন করা যেতে পারে যেখানে এক আকর্ষনীয় শিরোনাম যোগ করা যেতে পারে যা ছেলেমেয়েদের গল্পটি মনে করিয়ে দিবে, উদাহরণস্বরূপ, প্রভু যীশু প্রভুর মাছ ধরতে পিতরকে সাহায্য করেছিলেন। |

## A৩ ৩নং গল্প
## যীশু ঝড় থামান — প্রভু যীশুর ক্ষমতার বিষয়ে এই গল্প

**আমরা শিখছি যে :**
- যীশু ঝড় থামাতে সক্ষম হয়েছিলেন কারণ তিনি ঈশ্বরের পুত্র।
- প্রভু যীশুকে আমাদের ঈশ্বরের পুত্র হিসাবে বিশ্বাস করা প্রয়োজন।

**মূল পদ : মথি ৮:২৭**
**বাইবেলের অংশ : মথি ৮:২৩-২৭**

### পরিচয় করান

- ছেলেমেয়েরা যে আবহাওয়ার সাথে পরিচিত সেই প্রসঙ্গে আবহাওয়ার বিষয়ে কথা বলুন। আবহাওয়া কি কখনও হঠাৎ পরিবর্তিত হয়? উদাহরণস্বরূপ, যদি তুমি ভীষণ বৃষ্টির মধ্যে আটকে যাও?
- আবহাওয়া কিভাবে নৌকা বাইতে প্রতিক্রিয়া করে এবং প্রচন্ড হাওয়ার প্রভাব ফেলে সেবিষয়ে কথা বলুন। আজকের গল্পে যীশু এবং তাঁর শিষ্যরা গালীল সমুদ্রের এক পাশ থেকে অন্য পারে নৌকা বেয়ে যাচ্ছিলেন।

### শিক্ষা দিন

- শান্তভাব শুরু হয়। এক শান্তপূর্ণ দৃশ্য বর্ণনা করুন — শীঘ্রই যীশু ঘুমিয়ে পড়েছিলেন। **(মথি ৮:২৩, ২৪)**
- ঝড়। হঠাৎ এক সাংঘাতিক ঝড় শুরু হয়েছিল আর শিষ্যরা ভয় পেয়েছিল। **(মথি ৮:২৪)** পরিষ্কারভাবে দৃশ্যটি বর্ণনা করুন — গোলমাল, ঢেউগুলি নৌকার মধ্যে ঢুকছে, জল বের করার চেষ্টা ......
- শিষ্যদের ভয়। *ব্যাখ্যা করুন যে তারা ভীষণ ভয় পেয়েছিল কারণ তারা ভেবেছিল যে তারা ডুবে যাচ্ছে।* শীঘ্রই তারা যীশুকে জাগিয়ে তুলেছিল এবং তাঁকে বলেছিল তাদের রক্ষা করতে। তাদের প্রকৃত কথাগুলি ব্যবহার করুন। **(মথি ৮:২৫)** যীশু হতাশ হয়েছিলেন কারণ তাঁর উপর বিশ্বাস রাখতে শিষ্যরা সক্ষম হয়নি। *ব্যাখ্যা করুন যে বিশ্বাস রাখার অর্থ তাঁর উপর নির্ভর করা।* **(মথি ৮:২৬ক)**
- যীশুর ক্ষমতা। তারপর যীশু ঝড় থামিয়েছিলেন। **(মথি ৮:২৬খ) মার্ক ৪:৩৯** পদ দেখুন। *জোর দিয়ে বলুন যে ঝড় সঙ্গে সঙ্গে এবং সম্পূর্ণভাবে থেমে গিয়েছিল!*
- শিষ্যদের চমৎকৃত হওয়া **(মথি ৮:২৭)** *ব্যাখ্যা করুন যে তারা যখন বাতাস এবং ঢেউয়ের উপরে যীশুর ক্ষমতা দেখেছিল তখন তারা বুঝতে পেরেছিল যে তিনি তাদের থেকে আলাদা।*
- নিশ্চিত হন যে যীশু কেন ঝড় থামাতে সক্ষম হয়েছিলেন তা যেন ছেলেমেয়েরা বোঝে। তিনি ঈশ্বরের পুত্র যিনি প্রতিটা জিনিস সৃষ্টি করেছিলেন।
- *আমাদের জগতে প্রতিটি জিনিসের উপর তাঁর ক্ষমতা আছে, এমন কি আবহাওয়ার উপরেও। ছেলেমেয়েদের নিজেদের জীবনের পরিস্থিতিগুলি চিন্তা করতে উৎসাহ দিন যখন তারা যীশুর উপর নির্ভর করতে পারে এবং বুঝতে পারে যে তিনি সর্বদা নিয়ন্ত্রণে আছেন।*
- *আমাদের বিশ্বাস করা প্রয়োজন যে তিনি প্রকৃতই ঈশ্বরের পুত্র।*

**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**

**দেখান :** এফবিআই — যীশু ঝড় থামান।

### শিখুন

মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন **মথি ৮:২৭**

### স্মরণে রাখুন

- এই ঘটনা কোথায় ঘটেছিল?
- কারা প্রথমে নৌকায় উঠেছিল?
- যখন ঝড় এসেছিল তখন ঢেউগুলি কি করেছিল?
- যখন ঝড় শুরু হয়েছিল তখন যীশু কি করছিলেন?
- কেন শিষ্যরা যীশুকে ঘুম থেকে জাগিয়ে তুলেছিল?
- যীশু কেন তাদের উপর হতাশ হয়েছিলেন?
- যীশু কোন দুইটা জিনিস থামিয়েছিলেন?
- মূল পদটা কোথায় পাওয়া যায়?
- কেন যীশু ঝড়টা থামাতে পেরেছিলেন, যখন তাঁর কোন শিষ্যই পারে নি?
- যীশু যে আশ্চর্য জিনিসটা করেছিলেন তার কি নাম দেওয়া হয়েছে?

**অভিনয় করুন :** এই বর্ণিত বিষয়টি নিজেই নাটকে পরিণত হয় ১২ জন শিষ্যকে নিয়ে যখন তারা নৌকার আকারে বসে থাকে; অন্যেরা ঝড়ের প্রভাবের শব্দটা করতে পারে। একজন বয়স্ক নেতা বর্ণিত বিষয়টি পড়তে পারেন যখন ছেলেমেয়েরা বিভিন্ন প্রকারের অঙ্গভঙ্গী দিয়ে উপস্থিত মত কথা বলে এবং প্রযোজ্য শব্দগুলি করে।

## A৩ ৪নং গল্প
## যীশু পিতরকে রক্ষা করেন — এই গল্পটা পিতরের ছোট প্রার্থনার বিষয়ে

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• পিতরের ছোট প্রার্থনায় সাড়া দিয়ে যীশু পিতরকে রক্ষা করেছিলেন।<br>• রক্ষা পেতে আমাদের প্রভু যীশুকে বিশ্বাস করা প্রয়োজন।<br><br>**মূল পদ : মথি ১৪:৩৩**<br>**বাইবেলের অংশ : মথি ১৪:২২-৩৩** |
| পরিচয় করান | • ব্যাখ্যা করুন যে যত তুমি একজন ব্যক্তির সাথে সময় কাটাবে তাকে তুমি তত ভালভাবে জানতে পারবে। আপনি ছেলেমেয়েদের মনে করাতে সাহায্য করতে পারেন এ পর্য্যন্ত পিতর যীশুর বিষয়ে কি শিখেছে।<br>• তাদের ধারণাগুলি বলতে দিন এবং আপনার যদি ফ্লিপ-চার্ট থাকে তবে আপনি সেগুলি রেকর্ড করতে পারেন, যেমন যীশু ঈশ্বরের পুত্র তিনি আশ্চর্য কাজ করতে পারেন। সমুদ্রের উপর তাঁর ক্ষমতা আছে।<br>• আজকের গল্পে পিতর যীশুর বিষয়ে আরও শিখে। |
| শিক্ষা দিন | • শিষ্যরা নৌকায় চড়ে রওনা দেয় যখন যীশু নিজে প্রার্থনা করতে যান। **(মথি ১৪:২২-২৩)** *যীশুর জীবনে প্রার্থনার গুরুত্বটি ব্যাখ্যা করুন।*<br>• ঝড়। **(মথি ১৪:২৪)** গত সপ্তাহের গল্পের ঝড়টি মনে করুন এবং এই ঝড়টা বর্ণনা করুন। যীশু দেখতে পেয়েছিলেন যে শিষ্যরা বিপদের মধ্যে আছে কাজেই তিনি মাঝরাতে জলের উপর দিয়ে তাদের কাছে হেঁটে গিয়েছিলেন। **(মথি ১৪:২৫-৭)** *শিষ্যরা কি ভেবেছিল এবং অনুভব করেছিল তা বর্ণনা করুন। যীশুর উৎসাহজনক কথাগুলি লক্ষ্য করুন।*<br>• পিতরের অনুরোধ। পিতর নিশ্চিত হতে চেয়েছিল যে তিনি প্রকৃতই যীশু ছিলেন তাই সেও জলের উপর দিয়ে হেঁটে যেতে যীশুকে আমন্ত্রণ জানাতে বলেছিল। যীশু বলেছিলেন "এস" তাই পিতর নৌকা থেকে বাইরে গিয়েছিল এবং জলের উপর দিয়ে হেঁটে যীশুর কাছে যেতে শুরু করেছিল। **(মথি ১৪:২৮-২৯)** সবই ভাল চলেছিল যতক্ষণ না পিতর যীশুর দিক থেকে তার দৃষ্টি সরিয়ে নিয়েছিল এবং ঢেউয়ের আয়তন লক্ষ্য করেছিল। সে ডুবতে শুরু করেছিল!<br>• যীশু পিতরকে রক্ষা করেন। *তাকে রক্ষা করতে সে কিভাবে তৎক্ষনাৎ যীশুকে বলেছিল তা বলতে পিতরের কথাগুলি ব্যবহার ব্যবহার করুন।* **(মথি ১৪:৩০-৩২)** তারপর তারা দুজনেই নৌকায় উঠেছিলেন এবং ঝড় থেমে গিয়েছিল। *যা ঘটেছিল সে বিষয়ে শিষ্যদের প্রতিক্রিয়াটি বর্ণনা করুন* **(মথি ১৪:৩৫)**<br>• *ডুবে যাওয়া থেকে রক্ষা পাওয়া পিতরের প্রয়োজন ছিল। আমাদের জীবনের পাপ থেকে রক্ষা পাওয়া আমাদের প্রয়োজন। কেবলমাত্র প্রভু যীশুই আমাদের জন্য তা করতে পারেন। তিনি আমাদের পাপের জন্য শাস্তি নিয়েছিলেন যখন তিনি ক্রুশে মরেছিলেন। তাঁর উপর আমাদের বিশ্বাস করা প্রয়োজন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — যীশু জলের উপর দিয়ে হাঁটেন। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন **মথি ১৪:৩৩**<br>*আরাধনার অর্থ কি ব্যাখ্যা করুন। যীশুর বিষয়ে শিষ্যরা যা শিখেছিল তাতে তারা চমৎকৃত এবং আনন্দে পূর্ণ হয়েছিল। ব্যাখ্যা করুন যে প্রত্যেক জায়গায় যারা প্রভু যীশুকে ভালবাসে, সেই সব মানুষের জন্য এটা এক আশ্চর্য বক্তব্য যা তারা তাদের অন্তর থেকে বলতে পারে।* |
| স্মরণে রাখুন | A৩-এর সব গল্পের উপর ভিত্তি করে কুইজ করা যেতে পারে। আপনার কাছে যদি কয়েকটা কার্ড থাকে তবে বিভিন্ন আকারের মাছ আঁকতে পারেন। প্রশ্নের উত্তরের উপর ছেলেমেয়েরা সামনে প্রদর্শিত মাছগুলি থেকে একটা বেছে নিবে অথবা ধরবে। প্রতিটা মাছের উপর পয়েন্টের জন্য সংখ্যা দেওয়া আছে। দুইটা দলে ভাগ করুন এবং প্রতিটা দলের জন্য পয়েন্টগুলি যোগ করুন।<br><br>• এইসব ঘটনাগুলি কোথায় ঘটেছিল?<br>• পদটি শেষ কর : "আমার পশ্চাত আইস আর আমি ...."<br>• যীশু কাকে এই কথাগুলি বলেছিলেন?<br>• পিতর কি করেছিল যখন প্রচুর মাছ জালে দেখতে পেয়েছিল?<br>• পদটি শেষ কর : "ইনি কেমন লোক, ...."<br>• প্রভু যীশু কেন পর্বতের উপর গিয়েছিলেন?<br>• কি শিষ্যদের অতিশয় ভীত করেছিল?<br>• এই গল্পে পিতর যীশুর বিষয়ে কি শিখেছিল? |

# A৪ ১নং গল্প
## পিতর ঘুমিয়ে পড়ে — এই গল্পটা প্রভু যীশুর তাঁর পিতার কাছে প্রার্থনা করার বিষয়

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• প্রভু যীশুর জীবনে প্রার্থনা গুরুত্বপূর্ণ ছিল।<br>• আমাদের জন্য প্রার্থনা করা গুরুত্বপূর্ণ।<br><br>**মূল পদ : যোহন ১৫:১৪**<br>**বাইবেলের অংশ : মথি ২৬:৩৬-৪৬** |
| পরিচয় করান | • সেই জিনিসগুলির বিষয়ে কথা বলুন যা ছেলেমেয়েরা কঠিন বোধ করে,যেমন, লম্বা দৌড়ের শেষ অংশটা দৌড়ান, অনেকক্ষণ ধরে শুনতে এবং মনোযোগী হতে, কোন এক বিশেষ ঘটনার জন্য জেগে থাকা যখন তা দেরী হয়।<br>• আজকের গল্পে, যীশুর বন্ধু পিতরের কাছ থেকে তাঁর কিছু বিশেষ সাহায্যের প্রয়োজন। আসুন দেখা যাক যীশু পিতরকে যা করতে বলেছিলেন তা পিতর করতে সক্ষম হয়েছিল কি না। |
| শিক্ষা দিন | • *এই গল্পের পটভূমিকাটা ব্যাখ্যা করুন।* যীশু জানতেন ক্রুশের উপর মরতে তাঁর জন্য শীঘ্রই সময় আসছে। এরই মধ্যে তিনি তাঁর শিষ্যদের সাথে শেষবারের জন্য ভোজন করেছিলেন। যীশু প্রায়ই তাঁর পিতার কাছে প্রার্থনা করতেন এবং জানতেন সামনে যা ঘটবে সেই ঘটনার বিষয়ে প্রার্থনা করা কত গুরুত্বপূর্ণ ছিল। তিনি তাঁর শিষ্যদের একটা বাগানে এনেছিলেন যেখানে তিনি প্রায়ই প্রার্থনা করতেন। সেই রাতে, তিনি চেয়েছিলেন তাঁর তিনজন বিশেষ বন্ধু, পিতর, যাকোব ও যোহন যেন তাঁর ঘনিষ্ট থেকে জেগে থাকে এবং প্রার্থনা করে।<br>• যীশু পিতর, যাকোব, এবং যোহনকে জেগে থাকতে এবং প্রার্থনা করতে নির্দেশ দিয়েছিলেন। **(মথি ২৬:৩৬-৩৭)** যীশু তারপর একটু এগিয়ে গিয়েছিলেন এবং তাঁর পিতার কাছে প্রার্থনা করেছিলেন। *ব্যাখ্যা করুন যীশু কিরকম অনুভব করেছিলেন।* তাঁর প্রার্থনাটি দেখিয়েছিল যে প্রতিটি জিনিসে তিনি তাঁর পিতাকে সন্তুষ্ট করতে চেয়েছিলেন **(মথি ২৬:৩৮-৩৯)** এক ঘন্টা পর, যীশু দেখতে পেয়েছিলেন পিতর এবং অন্যেরা ঘুমাচ্ছিল। তিনি কত হতাশ হয়েছিলেন সে বিষয়ে কথা বলুন। **(মথি ২৬:৪০-৪১)**<br>• যীশু দ্বিতীয় বার প্রার্থনা করেছিলেন এবং আবার তাঁর বন্ধুদের ঘুমিয়ে থাকতে দেখেছিলেন। **(মথি ২৬:৪২-৪৩)**<br>• যীশু তৃতীয় বারের জন্য প্রার্থনা করেছিলেন এবং ফিরে এসে আবার তাদের ঘুমাতে দেখেছিলেন। *আলোচনা করুন পিতর এবং অন্যেরা কিভাবে যীশুকে হতাশ করেছিল। তারা এই কঠিন সময় তাদের নিজেদের জন্যও প্রার্থনা করতে ব্যর্থ হয়েছিল যখন তাদের প্রার্থনা করা প্রয়োজন ছিল।* **(মথি ২৬:৪৪-৪৫)**<br>• *উপসংহারে, ঈশ্বরের কাছ থেকে শক্তি পেতে এবং পরীক্ষার উপর জয়লাভ করতে আমাদের সাহায্যের জন্য প্রার্থনার গুরুত্বটি উল্লেখ করুন। ছেলেমেয়েদের জন্য প্রযোজ্য পরিস্থিতিগুলির উদাহরণ দেওয়া যেতে পারে।*<br>• *"জেগে থাক এবং প্রার্থনা কর" যীশুর এই আদেশটি পালন করতে পিতর এবং অন্যান্যরা ব্যর্থ হয়েছিল কিন্তু যীশু চান আমরা যেন তাঁর আদেশ পালন করি।*<br>• *শিষ্যদের বিপরীতে, যীশু আমাদের হতাশ করেন নি। তিনি প্রার্থনা করেছিলেন এবং ক্রুশে যেতে এবং আমাদের জন্য তাঁর জীবন দিতে তাঁকে শক্তি দেওয়া হয়েছিল।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — যীশু গেৎশিমানী বাগানে প্রার্থনা করেন। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং ব্যাখ্যা করুন — **যোহন ১৫:১৪**। ছেলেমেয়েদের জানতে সাহায্য করুন যে যীশুর বন্ধু হিসাবে গণ্য হওয়া একটা বিশেষ অধিকার। |
| স্মরণে রাখুন | • যীশু কোথায় প্রার্থনা করেছিলেন?<br>• কোন শিষ্যদের তিনি তাঁর সাথে প্রার্থনা করবে বলে চেয়েছিলেন?<br>• যীশু কি বিষয়ে প্রার্থনা করছিলেন?<br>• যীশু কেমন অনুভব করছিলেন যখন তিনি প্রার্থনা করেছিলেন?<br>• প্রথমবার যীশু কতক্ষণ প্রার্থনা করেছিলেন?<br>• কেন শিষ্যরা প্রার্থনা করতে পারে নি?<br>• কতবার যীশু তাদের প্রার্থনা করতে বলেছিলেন?<br>• যীশু প্রার্থনা শেষ করার পর কি ঘটেছিল?<br>• মূল পদটি কোথায় পাওয়া যায়?<br>• যদি আমরা তাঁর বাধ্য হই তবে যীশু আমাদের কি বলে ডাকেন? |

## A৪ ২নং গল্প
## পিতর লড়াই করে — এই গল্পটা সেই ঘটনার বিষয় যখন যীশুকে ধরা হয়েছিল।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• আমাদের জন্য যীশু নিজেকে গ্রেপ্তার করতে এবং মারা যেতে সুযোগ দিয়েছিলেন।<br>• আমরা আমাদের জীবনে সঙ্কটময় পরিস্থিতিতে ক্রোধকে সামলাতে পারি।<br><br>**মূল পদ : ইফিষীয় ৪:২৬**<br>**বাইবেলের অংশ : মথি ২৬:৪৭-৫৬** |
| পরিচয় করান | বাগানে কি ঘটনা ঘটেছিল সে বিষয়ে আগের গল্পটা পুনরায় আলোচনা করুন। পিতর এবং তার বন্ধুরা প্রার্থনা করেনি যেমন যীশু তাদের করতে বলেছিলেন। এবার আরও কঠিন সময়ের সম্মুখীন হওয়ার ছিল। পরে তারা কি করবে? |
| শিক্ষা দিন | • এই ঘটনাটির জন্য দৃশ্যটা ঠিক করুন। তা ছিল অন্ধকার এবং নিস্তব্ধ ...... কিন্তু হঠাৎ অস্ত্রবাহক সৈন্যদের ভারী পদক্ষেপ এল। তখন পিতর এবং তার বন্ধুরা কি অনুভব করেছিল?<br>• হঠাৎ যিহুদা শত্রুদের ভীড়ের মধ্য থেকে বেরিয়ে এল এবং যীশুর কাছে গেল এবং তাঁকে চুম্বন করল। *ব্যাখ্যা করুন যিহুদা কে ছিল এবং কোন ব্যক্তি যীশু ছিলেন তা সৈন্যদের জানানোর জন্য এটাই তার উপায় ছিল। বিশ্বাসঘাতকতার অর্থ কি তা ব্যাখ্যা করুন। (বাইবেলটাইম এবং ২য় স্তরটি দেখুন)* ***(মথি ২৬:৪৭-৫০)***<br>• পিতর যখন বুঝতে পেরেছিল যে যীশুকে গ্রেপ্তার করা হচ্ছে, সে ভীষণ রেগে গিয়েছিল এবং জনতার মধ্যে একজনকে আক্রমণ করার দ্বারা যীশুকে রক্ষা করতে চেষ্টা করেছিল। **(মথি ২৬:৫১)** *আমাদের মেজাজ খারাপ হওয়া এবং রাগ করা খুবই সহজ যেমন পিতরের হয়েছিল। দলটির ছেলেমেয়েদের কাছে প্রসঙ্গচিত এমন একটা বা দুইটা দৃশ্যের প্রস্তাব দিন। সাথে সাথেই যীশু পিতরকে তার খড়গ সরিয়ে রাখতে বলেছিলেন। ব্যাখ্যা করুন যে যীশুকে প্রতিরক্ষা করার জন্য পিতরকে তাঁর প্রয়োজন ছিল না কারণ তিনি জানতেন যা ঘটছিল তা ছিল ঈশ্বরের পরিকল্পনার একটি অংশ। তাঁকে গ্রেপ্তার করতে এবং মেরে ফেলতে তাঁর শত্রুদের অধিকার দিতে যীশু ইচ্ছুক ছিলেন। তিনি আমাদের জন্য এসবের মধ্য দিয়ে যেতে ইচ্ছুক ছিলেন। যীশু এবং পিতরের মধ্যে পার্থক্যটি জানিয়ে দিন।* যীশু তাঁর পিতার কাছে প্রার্থনা করে, শান্ত ছিলেন। পিতর, যে প্রার্থনা করতে ব্যর্থ হয়েছিল, যীশু যেমন তাকে আচরণ করতে চেয়েছিলেন সে তেমন করে নি। **(মথি ২৬:৫২-৫৬)**<br>• ভীত শিষ্যরা যীশুকে পরিত্যাগ করেছিল এবং পালিয়ে গিয়েছিল। কেন তারা এটা করেছিল তা আলোচনা করুন। **(মথি ২৬:৫৬খ)** কেবলমাত্র পিতর যীশুকে অনুসরণ করতে চেষ্টা করেছিল, কিন্তু নিরাপদ দূরত্ব বজায় রেখে পাছে সে-ও গ্রেপ্তার হয়! *ছেলেমেয়েদের দৃশ্যটি দেখতে সাহায্য করুন যে কিভাবে পিতর ধরা না দিয়ে এই কাজটি করেছিল।* **(মথি ২৬:৫৮)**<br>• *ব্যাখ্যা করুন যে যদি আমরা প্রভু যীশুর হই, তবে আমরা তাঁর কাছে প্রার্থনা করতে পারি এবং রাগ না দেখাতে কিন্তু আত্ম নিয়ন্ত্রণকারী হতে সাহায্য করতে তাঁকে বলতে পারি। পবিত্র আত্মা যিনি একজন খ্রীষ্টানের জীবনে বাস করেন তিনি ঠিক উপায়ে আচরণ করতে আমাদের সাহায্য করতে পারেন।*<br>• *যদি আমরা রাগ বা লড়াই না করার দ্বারা প্রতিক্রিয়া না করি তবে এক বিশেষ দৃশ্যে কেমন ফলাফল হবে সে বিষয়ে কথা বলুন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — গেৎশিমানী বাগানে যীশু প্রার্থনা করেন। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং ব্যাখ্যা করুন — **ইফিষীয় ৪:২৬**। ব্যাখ্যা করুন যে যদি আমরা রাগ করি তবে শীঘ্রই আমাদের তা পরিত্যাগ করা প্রয়োজন। |
| স্মরণে রাখুন | • যীশুর শত্রুদের সাথে কে বাগানে এসেছিল?<br>• যীশু কে তা যিহুদা কিভাবে তাদের দেখিয়েছিল?<br>• যীশুকে যখন গ্রেপ্তার করা হয়েছিল তখন পিতর কিসের জন্য এগিয়ে গিয়েছিল?<br>• মানুষটির শরীরের কোন্ অংশ পিতর কেটে ফেলেছিল?<br>• যীশু পিতরকে কি করতে বলেছিলেন?<br>• কিভাবে একজন খ্রীষ্টান রাগ করা থেকে বেরিয়ে আসতে পারে?<br>• যীশুকে যখন গ্রেপ্তার করা হয়েছিল, তখন শিষ্যরা কি করেছিল?<br>• কে এক দূরত্ব বজায় রেখে যীশুকে অনুসরণ করতে চেষ্টা করেছিল?<br><br>**অভিনয় করুন :** নেতারা একটা বা দুইটা পরিস্থিতি অভিনয় করতে পারে যেখানে কোন একজন রাগ করে, যেমন উপরের অংশে প্রস্তাব দেওয়া হয়েছিল। |

## A৪ ৩নং গল্প
## পিতর অস্বীকার করে — এই গল্পটা ক্ষমা পাওয়ার প্রয়োজনের বিষয়ে।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• কোন কোন সময় আমরা খুব সাহসী হই না এবং আমাদের বন্ধুদের নীচে নামাই।<br>• যখন আমরা প্রভু যীশুকে ব্যর্থ করি, তখনও তিনি আমাদের ক্ষমা করতে ইচ্ছুক থাকেন।<br><br>**মূল পদ : গীতসংহিতা ৫১:৭**<br>**বাইবেলের অংশ : মথি ২৬:৬৯-৭৫** |
| পরিচয় করান | • কিভাবে আমরা মানুষের স্বরের দ্বারা তাদের চিনতে পারি সে বিষয়ে কথা বলুন। ছেলেমেয়েদের যদি ফোন ব্যবহার করার অভিজ্ঞতা থাকে তবে তারা হয়ত না বললেও জানবে কে কথা বলছে। উচ্চারণভঙ্গী কিভাবে স্বরের শব্দটি আলাদা করে সে বিষয়ে কথা বলুন — আপনি যে দেশে বাস করেন সেখান থেকে কিছু উদাহরণ দিতে আপনি হয়ত সক্ষম হতে পারেন।<br>• গত সপ্তাহের গল্পের সাথে সংযোগ করুন — যীশুর গ্রেপ্তার হওয়া এবং শিষ্যরা কিভাবে পালিয়ে গিয়েছিল সেসব বিষয়ে ছেলেমেয়েদের মনে করিয়ে দিন। যাইহোক, পিতর জানতে চেয়েছিল যীশুর কি হবে। |
| শিক্ষা দিন | • পিতর মহাযাজকের গৃহের প্রাঙ্গন যত দূরে ছিল তত দূরে গিয়েছিল। **(মথি ২৬:৬৯ক)** ব্যাখ্যা করুন যে প্রাঙ্গন আসল গৃহের বাইরে ছিল। যদি সম্ভব হয়, ছেলেমেয়েদের পরিচিত কোন দালানের উঠোনের উদাহরণ ব্যবহার করুন। *দৃশ্যটি তৈরী করুন — এক শীতের রাত, আগুন, পাহারাদার এবং দাসরা ও সেখানে হয়ত ছিল।*<br>• একজন দাসী পিতরকে চিনতে পেরেছিল এবং অন্যদের বলেছিল যে পিতর যীশুর সঙ্গে ছিল। পিতর বলেছিল যে মেয়েটা কি বিষয় বলছে তা সে জানে না। **(মথি ২৬:৬৯খ-৭০)** *ছেলেমেয়েদের দেখতে সক্ষম করুন যে পিতর মিথ্যা বলেছিল। অবশ্যই সে যীশুর সাথে ছিল! কেন পিতর মিথ্যা বলেছিল তার কারণগুলি অনুসরণ করুন।*<br>• পিতর ফটকের দিকে যাওয়ার পর, আর একজন মেয়ে তাকে দেখেছিল। আবার পিতর বলেছিল যে সে যীশুকে চিনত না। **(মথি ২৬:৭১-৭২)** *২নং স্তর ব্যবহার করা ছেলেমেয়েদের কাছে, "অস্বীকার করেছিল" শব্দটি ব্যাখ্যা করুন।*<br>• অল্প কিছুক্ষণ পর, অন্য কোন একজন মন্তব্য করেছিল যে পিতর যীশুর শিষ্যদের মধ্যে একজনের মত কথা বলত। *(পিতর গালীল থেকে এসেছিল, যেমন যীশু এবং তাঁর অন্য শিষ্যরাও এসেছিল। পরিচয় করান ক্ষেত্রে আপনি যে বিষয়ে কথা বলেছিলেন তার সাথে এই খবরটি মিল করুন) বর্ণনা করুন পিতর কত বিরক্ত ও ভীত হয়েছিল এবং কীভাবে সে তৃতীয়বারেও যীশুকে অস্বীকার করেছিল।*<br>• মোরগ ডেকে উঠেছিল এবং পিতরের মনে পড়েছিল আগে যীশু তাকে কি বলেছিলেন **(মথি ২৬:৩৪)**। ***ব্যাখ্যা করুন পিতর কোন এত মানসিকভাবে বিপর্যস্ত হয়েছিল। (মথি ২৬:৭৪খ-৭৫)***<br>• ব্যাখ্যা করুন যে পিতর একটা ভুল করেছিল। সে যে যীশুর একজন শিষ্য ছিল তা বলতে যথেষ্ট সাহসী হতে পারে নি এবং পরিবর্তে মিথ্যা বলেছিল। আমরা সকলেই ভুল করি।<br>• কোন সময় হয় যখন আমরা যা বলি বা করি তার দ্বারা আমরাও যীশুকে অপমানিত করি। আমরা যেসব ভুল করেছি তার জন্য প্রভু যীশু আমাদের ক্ষমা করতে ইচ্ছুক। তিনি তা করতে সক্ষম কারণ তিনি আমাদের পাপের জন্য ক্রুশে মরেছিলেন।<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — পিতর যীশুকে অস্বীকার করে। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং ব্যাখ্যা করুন — **গীতসংহিতা ৫১:৭।** ব্যাখ্যা করুন যে এটা একটা প্রার্থনা। এটা আমাদের বলে যে যখন আমরা প্রভু যীশুকে আমাদের পাপ ক্ষমা করতে বলি, তা এমন যেন তিনি আমাদের ধুয়ে ফেলছেন এবং আমাদের সম্পূর্ণ পরিষ্কার করে দিচ্ছেন তা তুষারের চেয়েও সাদা! যদি প্রয়োজন হয়, তুষার কি তা ব্যাখ্যা করুন। |
| স্মরণে রাখুন | • পিতর কোথায় অপেক্ষা করেছিল?<br>• পিতরের সাথে কথা বলতে প্রথম ব্যক্তি কে ছিল?<br>• পিতর কতবার বলেছিল যে সে যীশুকে চিনে না?<br>• কেন পিতর এই মিথ্যাগুলি বলেছিল?<br>• পিতর কতবার মোরগটি ডাকতে শুনেছিল?<br>• তার কি মনে পড়েছিল যখন সে মোরগটাকে ডাকতে শুনেছিল?<br>• কেন পিতর কেঁদেছিল?<br>• আমরা যদি যীশুকে অপমান করি তবে আমাদের কি করা উচিত? |

# A৪ ৪নং গল্প

## পিতর ভালবাসে — এই গল্পটা পিতর ও যীশুর মধ্যে কথোপকথনের বিষয়ে।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• পিতরের অস্বীকারের পর যীশুর প্রতি তাঁর ভালবাসা প্রকাশ করতে তাকে আর একবার সুযোগ দেওয়া হয়েছিল।<br>• প্রভু যীশু চান যেন আমরা তাঁকে ভালবাসি।<br><br>**মূল পদ : ১ যোহন ৪:১৯**<br>**বাইবেলের অংশ : যোহন ২১:১-১৯** |
| পরিচয় করান | • পিতরের বিষয়ে ছেলেমেয়েরা আগে যে গল্পগুলি শুনেছিল সেসব তাদের মনে করতে বলুন। যীশু যখন পিতরকে প্রথম ডেকেছিলেন তখন তার কাজ কি ছিল?<br>• ব্যাখ্যা করুন সেই সময় থেকে অনেক কিছু ঘটে গিয়েছে। পিতর যীশুর বিশেষ বন্ধুদের মধ্যে একজন ছিল, কিন্তু তারপর পিতর যীশুকে অপমান করেছিল (শেষ তিনটা গল্প মনে করুন)<br>• অল্প কিছুক্ষণ পর, যীশু ক্রুশে মারা গিয়েছিলেন কিন্তু আবার বেঁচে উঠেছিলেন। দুইটা বিভিন্ন ঘটনায়, যীশু তাঁর শিষ্যদের সাথে সাক্ষাত করেছিলেন এবং তাদের দেখিয়েছিলেন তিনি জীবিত! এটা ঘটবার পর একদিন, পিতর আবার মাছ ধরতে বাইরে যাবার সিদ্ধান্ত নিয়েছিল। |
| শিক্ষা দিন | • শিষ্যরা সারারাত মাছ ধরল কিন্তু কিছুই পেল না! **(যোহন ২১:৩)** তারা কেমন অনুভব করেছিল তা অনুসন্ধান করুন — *ক্লান্ত, ক্ষুধার্ত, হতাশ।*<br>• ছবিটা দেখুন — ভোরবেলার সূর্য্য, কোন একজন তীরে দাঁড়িয়ে আছে। শিষ্যরা এবং আগুন্তুকের মধ্যে কথোপকথনটি পুনরায় চিন্তা করুন। **(যোহন ২১:৪-৬ক)**<br>• যখন তারা আগুন্তুকের নির্দেশের বাধ্য হয়েছিল তখন তারা প্রচুর মাছ ধরেছিল (১৫৩)। হঠাৎই যোহন বুঝতে পেরেছিল যে ব্যক্তিটি নিশ্চয় যীশু। পিতর এত খুশী হয়েছিল যে সে জলের মধ্যে লাফ দিয়েছিল এবং যীশুর সাথে সাক্ষাত করতে গিয়েছিল। **(যোহন ২১:৭-৮)**<br>• যীশু তাদের জন্য প্রাতঃরাশের ব্যবস্থা করেছিলেন। **(যোহন ২১:৯-১৪)** *কল্পনা করার চেষ্টা করুন সমুদ্রের তীরে যীশুর সাথে সকালের জলখাবার খাওয়াটা কেমন হবে এবং তাদের সাথে থাকা যীশুর জন্য কেমন বিশেষ এবং অপ্রত্যাশিত ছিল তা জানিয়ে দিন।*<br>• জলখাবারের পর, যীশু পিতরের সাথে কথা বলেছিলেন। তিনবার তিনি পিতরকে জিজ্ঞাসা করেছিলেন সে তাঁকে ভালবাসে কি না। **(যোহন ২১:১৫-১৯)** *ব্যাখ্যা করুন এটা পিতরের জন্য কত গুরুত্বপূর্ণ ছিল। প্রভু যীশু দেখিয়েছিলেন যে তিনি পিতরকে ক্ষমা করেছেন এবং তার করার জন্য এক বিশেষ কাজ আছে। ২য় স্তরের ছেলেমেয়েদের জন্য, আপনি উল্লেখ করতে পারেন পিতরের আগের তিনবার অস্বীকারের বিপরীতে এখন কিভাবে যীশুর জন্য তার ভালবাসা প্রকাশ করেছিল।*<br>• *প্রভু যীশুর জন্য তাদের ভালবাসার বিষয়ে ছেলেমেয়েদের উদ্বুদ্ধ করুন।*<br>• *যীশু পিতরকে যে প্রশ্ন করেছিলেন তারা কিভাবে তার উত্তর দিবে? যীশু চান আমরা প্রত্যেকে যেন তাঁকে ভালবাসি এবং তাঁর পরিচর্য্যা করি।*<br>• *ঈশ্বর আমাদের ভালবাসেন এবং আমাদের জন্য তাঁর পুত্রকে পাঠিয়ে তিনি তাঁর ভালবাসা দেখিয়েছেন। পরিবর্তে আমাদের সাড়া হওয়া উচিত তাঁকে ভালবাসা।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — যীশু গালীলে শিষ্যদের কাছে উপস্থিত হন, যীশু পিতরকে প্রশ্ন করেন। |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যখন প্রয়োজন ব্যাখ্যা করুন — **১ যোহন ৪:১৯** |
| স্মরণে রাখুন | • পিতর এবং তার বন্ধুরা কতক্ষণ বাইরে মাছ ধরছিল?<br>• কোন পাশে তাদের জাল ফেলতে বলা হয়েছিল?<br>• তারা কতগুলি মাছ ধরেছিল?<br>• কে প্রথমে চিনেছিল ইনি ছিলেন যীশু?<br>• কে প্রথমে যীশুর কাছে যেতে চেয়েছিল?<br>• জলের মধ্যে ঝাঁপ দেবার আগে পিতর কি করেছিল?<br>• কে জলখাবার তৈরী করেছিল?<br>• জলখাবারের জন্য তারা কি খেয়েছিল?<br>• প্রশ্নটি কি ছিল যা যীশু পিতরকে তিনবার জিজ্ঞাসা করেছিলেন?<br>• মূল পদটি কোথায় পাওয়া যাবে?<br><br>**অভিনয় করুন :** এই বক্তব্যের অংশগুলি নিজে থেকেই ক্রিয়াশীল (যেমন, মাছ ধরা, তীরে আগন্তুককে লক্ষ করা, জলে ঝাঁপ দেওয়া, মাছের ঝাঁক টেনে তোলা, মাছ গোনা) এবং মুখের ভাব প্রকাশে (যেমন হতাশা, আশ্চর্য হওয়া, আনন্দ...) পরিণত হতে পারে। এটা প্রকৃতপক্ষে ছেলেমেয়েদের কাছে বাইবেলের অংশটি পড়লে এবং প্রযোজ্য জায়গাগুলিতে তাদের কিছু সাধারণ ক্রিয়াগুলি করতে বললে ফলপ্রসূ হতে পারে। |

## A৫ ১নং গল্প

## অব্রামের বাড়ী পরিত্যাগ — এই গল্পটা অব্রামের ঈশ্বরকে বিশ্বাসের বিষয়ে।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• অব্রাম ঈশ্বরের বাধ্য হয়েছিলেন যখন তিনি ঊর পরিত্যাগ করেছিলেন এবং নতুন দেশে গিয়েছিলেন।<br>• ঈশ্বরের বাধ্য হওয়ার দ্বারা তাঁর উপর আমাদের বিশ্বাসটি আমাদের দেখানো উচিত।<br><br>**মূল পদ : হিতোপদেশ ৩:৫**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ১২:১-৯** |
| পরিচয় করান | • বাড়ী পরিবর্তন করার বিষয়ে কথা বলুন যদি তা ছেলেমেয়েদের অভিজ্ঞতার মধ্যে থাকে।<br>• বাড়ী থেকে দূরে অন্য দেশে বাস করতে যাবার বিষয়ে তাদের কেমন অনুভব করা উচিত? উত্তেজিত? চিন্তিত? দুঃখিত? খুশী? কারণগুলি দিন।<br>• অব্রামকে পরিচয় করান এবং ব্যাখ্যা করুন ঊর শহরে তাঁর জীবনটা কেমন ছিল — পরিবার, বন্ধুবান্ধব, বাড়ী, পশু, সম্পত্তি — তাঁর এক ভাল জীবন ছিল। |
| শিক্ষা দিন | • একদিন ঈশ্বর অব্রামকে বললেন, "তোমার বাটী পরিত্যাগ কর এবং সেই দেশে যাও যেটা আমি তোমাকে দিব।" **(আদিপুস্তক ১২:১)** *ঈশ্বর অব্রামকে যা বলেছিলেন সেই বিষয়টি কি কঠিন ছিল? (নিজের দেশে ভাল জীবন পরিত্যাগ করা/কোথায় যাচ্ছেন তা না জানা)*<br>• ঈশ্বর অব্রামের কাছে প্রতিজ্ঞা করেছিলেন। **(আদিপুস্তক ১২:২-৩)** *ব্যাখ্যা করুন যে ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি সব ভাল জিনিস ছিল যেমন, এক মহান জাতি এবং এক ভাল নাম। তিনি অব্রামকে আশীর্বাদ করতে চেয়েছিলেন। ঈশ্বর যখন কাউকে আশীর্বাদ করেন, তখন তিনি তাদের তাঁর মঙ্গল দেখাচ্ছেন।*<br>• অব্রাম ঈশ্বরের বাধ্য হয়েছিলেন। **(আদিপুস্তক ১২:৪)** *তোমরা কি মনে কর অব্রাম কেন বাধ্য হয়েছিলেন? (তিনি ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি বিশ্বাস করেছিলেন/ঈশ্বরে নির্ভর করেছিলেন)*<br>• *ব্যাখ্যা করুন অব্রামের সাথে কে ছিল — সারী তাঁর স্ত্রী, লোট তাঁর ভাইপো, তাঁর দাসদাসী এবং পথ দেখাতে সেখানে ঈশ্বরও ছিলেন। বর্ণনা করুন মরুভূমির মধ্য দিয়ে এই লম্বা যাত্রার সময় কিভাবে তাঁরা উটের পিঠে চড়ে চলেছিলেন এবং তাঁবুর মধ্যে থেকে ছিলেন।*<br>• শেষ পর্য্যন্ত অব্রাম কনানে পৌঁছেছিলেন। **(আদিপুস্তক ১২:৬-৯)**<br>• *অব্রাম তখন কেমন অনুভব করলেন? ব্যাখ্যা করুন যে এক বেদী তৈরী করা ছিল ঈশ্বরের প্রতি অব্রামের কৃতজ্ঞতা জানানো।*<br>• *সেই পরিস্থিতিগুলির বিষয়ে কথা বলুন যেখানে ঈশ্বর চান আমরা যেন তাঁকে বিশ্বাস করি।*<br>• *ব্যাখ্যা করুন যে এর অর্থ এই আমরা সম্পূর্ণভাবে ঈশ্বরকে বিশ্বাস করছি; আমরা আমাদের পথ বা সক্ষমতার উপর নির্ভর করার চেয়ে বরং জিনিসগুলি করতে তাঁর উপর ভরসা করছি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — অব্রাহাম কনানে যান |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং ব্যাখ্যা করুন — **হিতোপদেশ ৩:৫**। ব্যাখ্যা করুন যে এই পদটি বর্ণনা করে অব্রাম কি করেছিলেন — তিনি তাঁর নিজের পথে জিনিসগুলি করার পরিবর্তে বরং তাঁর সমস্ত হৃদয়ের সাথে ঈশ্বরে বিশ্বাস করেছিলেন। |
| স্মরণে রাখুন | পুনরালোচনা করতে নীচে হ্যাঁ/না বক্তব্য ব্যবহার করুন এবং গল্পটার/শেখার উদ্দেশ্যটার শক্তিবৃদ্ধি করুন। কুইজ করুন।<br>• ঈশ্বর অব্রামের সাথে কথা বলেছিলেন।<br>• দুর্ভিক্ষের কারণে অব্রাম বাড়ী ত্যাগ করেছিলেন।<br>• ঈশ্বর অব্রামকে আশীর্বাদ করবেন বলে প্রতিজ্ঞা করেছিলেন।<br>• অব্রামের ৭০ বছর বয়স ছিল যখন তিনি বাড়ী ত্যাগ করেছিলেন।<br>• অব্রাম জানতেন তিনি কোথায় যাচ্ছিলেন।<br>• অব্রামের লোট নামে একটা ছেলে ছিল।<br>• ঈশ্বর অব্রামকে কনানে পরিচালিত করেছিলেন।<br>• অব্রাম নতুন দেশে একটা বাড়ীতে বাস করতেন।<br>• অব্রাম ঈশ্বরের বাধ্য হওয়ার দ্বারা ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন।<br>• ঈশ্বর চান আমরা যেন তাঁকে বিশ্বাস করি এবং তাঁর বাধ্য হই। |

## A৫ ২নং গল্প

## অব্রাম ও লোট — এই গল্পটা লোটের স্বার্থপর মনোনয়নের বিষয়।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• লোট এক স্বার্থপর মনোনয়ন করেছিল যা খারাপ মনোনয়নে পরিণত হয়েছিল।<br>• সঠিক মনোনয়ন করা আমাদের জন্য গুরুত্বপূর্ণ।<br><br>**মূল পদ : ফিলিপীয় ৪:১৯ বা আদিপুস্তক ১৩:১৫**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ১৩:১-১৮** |
| পরিচয় করান | • ছেলেমেয়েরা যে মনোনয়ন করে সে বিষয়ে এবং অন্যকে প্রথমে মনোনয়ন করতে দেওয়ার বিষয়ে কথা বলুন। এক বিশেষ উদাহরণ বেছে নিন যা আপনার সংস্কৃতিতে প্রযোজ্য।<br>• ঝগড়া করা এবং কিভাবে তা আমাদের বন্ধুত্ব নষ্ট করে সেবিষয়ে কথা বলুন। |
| শিক্ষা দিন | • কোন জমিতে অব্রামের পশু এবং লোটের পশু চরবে সেবিষয়ে অব্রামের দাসরা এবং লোটের দাসরা ঝগড়া করেছিল। **(আদিপুস্তক ১৩:৫-৭)**<br>• অব্রাম জানতেন ঝগড়া করা ভাল নয় তাই তিনি লোটকে জমি বেছে নিতে প্রথম সুযোগ দিলেন যেখানে সে চেয়েছিল তার পশুরা চরবে। **(আদিপুস্তক ১৩:৮-৯)**<br>• প্রকৃতির দৃশ্যটি ছবির মত বর্ণনা করুন, লোটের কাছে খোলা মনোনয়ন — যা যর্দন উপত্যকার সমান ভাল জলীয় জায়গা যেখানে প্রচুর ঘাস আছে তার তুলনায় এটার চারিপাশে অত ভাল নয় পাহাড়ী জায়গার মধ্যে পার্থক্যটি দেখান। তোমরা কি মনে কর লোট কোনটা বেছে নিবে?<br>• লোটের মনোনয়ন। **(আদিপুস্তক ১৩:১০-১৩)** *কেন লোট এই মনোনয়নটি করেছিল? (সে দেখেছিল কোনটা ভাল আর সে নিজের জন্য তা চেয়েছিল।) লোট লোভী এবং স্বার্থপর হয়েছিল যেমন আমরা হতে পারি। ব্যাখ্যা করুন যে লোটের মনোনয়নটি অত ভাল হয় নি যেমন সে ভেবেছিল কারণ যে লোকেরা সেখানে বাস করত তারা ঈশ্বরকে খুশী করে নি।*<br>• অব্রাম আর লোট পরস্পরের কাছ থেকে আলাদা হয়ে গিয়েছিল কিন্তু ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে ভবিষ্যতে একদিন, তিনি অব্রাম ও তাঁর পরিবারকে সমস্ত দেশগুলি দিবেন যা তিনি প্রতিটি দিকে যতটা দেখতে পান। **(আদিপুস্তক ১৩:১৪-১৮)**<br>• *তোমরা যদি অব্রাম হতে তবে কেমন অনুভব করতে? তোমরা কি ঠকেছ বলে অনুভব করতে? (পুনরায় জোর দিয়ে বলুন যে অব্রাহামের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি ছিল যেগুলি লোট যা বেছে নিয়েছিল তার চেয়ে অনেক বেশী ভাল ছিল।)*<br>• *লোট খারাপটি বেছে নিয়েছিল। আমাদের বুদ্ধিপূর্বক বেছে নেওয়া প্রয়োজন। সবচেয়ে ভাল জিনিস যা আমরা বেছে নিতে পারি তা হোল প্রভু যীশুকে আমাদের হৃদয়ে আসতে দেওয়া এবং আমাদের পাপ ক্ষমা করতে দেওয়া।*<br>• *জোর দিন যে ঈশ্বর জানেন আমাদের জন্য কোনটা সবচেয়ে ভাল এবং তিনি নিখুঁতভাবে আমাদের প্রয়োজনগুলি মেটাতে সক্ষম ঠিক যেমন তিনি অব্রামের যা প্রয়োজন ছিল তা সব দিতে যাচ্ছিলেন। ব্যাখ্যা করুন যে ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি রাখতে তাঁকে ধরা যেতে পারে।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — অব্রাহাম ও লোট আলাদা হন। |
| শিখুন | মূল পদগুলির মধ্যে একটা শিক্ষা দিন এবং ব্যাখ্যা করুন — **আদিপুস্তক ১৩:১৫ অথবা ফিলিপীয় ৪:১৯**। গল্পটির সঙ্গে সংযোগ রাখুন যা ছেলেমেয়েরা শুনেছে। |
| স্মরণে রাখুন | গল্পটা শেষ হয় অব্রামের বেদী তৈরী করা দিয়ে। দলের মধ্যে যে ব্যক্তি সঠিক উত্তর দেয় সে একটা ঘুঁটি ছুঁড়তে পারে যেন পাথরগুলি সংগ্রহ করতে পারে। **(আদিপুস্তক ১৩:১-৬)** সত্যিকার পাথর অথবা আঁকা পাথর হলেও চলবে। বিজয়ী দল সবচেয়ে বেশী পাথর দিয়ে বেদী তৈরী করে।<br>• কিভাবে আমরা জানি যে অব্রাম একজন সম্পদশালী ব্যক্তি ছিলেন?<br>• কে সিদ্ধান্ত নিয়েছিল যে ঝগড়াটা থামান প্রয়োজন ছিল?<br>• প্রথম মনোনয়ণটি কার ছিল?<br>• কোন নদীটা লোট দেখতে পেয়েছিল?<br>• লোট কোন দিকটায় গিয়েছিল?<br>• লোট যে জায়গাটা বেছে নিয়েছিল সেখানে কোন বিষয়টা ভাল ছিল না।<br>• ঈশ্বর অব্রামকে কোথায় দেখতে বলেছিলেন?<br>• ঈশ্বর অব্রামের কাছে কি প্রতিজ্ঞা করেছিলেন? (দেশ ও পরিবার)<br>• অব্রাম যে বেদী তৈরী করেছিলেন সেখানে কি করেছিলেন?<br>• আমাদের জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ মনোনয়ণ আমরা কি করতে পারি? |

## A৫ ৩নং গল্প

## অব্রামের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি — এই গল্পটা ঈশ্বরের প্রতিজ্ঞাগুলিতে বিশ্বাস করার বিষয়

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• যেহেতু ঈশ্বর ভবিষ্যত জানেন তাই কি ঘটতে যাচ্ছে সে বিষয়ে তিনি প্রতিজ্ঞাগুলি করতে পারেন।<br>• ঈশ্বর চান আমরা যেন তাঁর প্রতিজ্ঞাগুলি বিশ্বাস করি।<br><br>**মূল পদ : ১ করিন্থীয় ১০:১৩ অথবা আদিপুস্তক ১৫:৬**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ১৫:১-৭** |
| পরিচয় করান | • প্রতিজ্ঞার একটা উদাহরণ দিন যা ছেলেমেয়েদের কাছে করা হয়েছিল। অপেক্ষা করার সময় এবং প্রতিজ্ঞাটি প্রকৃতই পূর্ণ হতে সামনে দেখার উত্তেজনাটি তাদের দেখাতে যে বিশ্বাস করতে হবে তার উপর জোর দিন। (আপনি একটা প্রতিজ্ঞার উদাহরণও দিতে পারেন যা পরিস্থিতির জন্য পূর্ণ করতে পারা যায় নি)<br>• মানুষ হিসাবে আমরা আমাদের প্রতিজ্ঞাগুলি রাখতে ব্যর্থ হতে পারি কিন্তু ঈশ্বর সর্বদা তাঁর প্রতিজ্ঞা রাখেন। |
| শিক্ষা দিন | • ঈশ্বর স্বপ্নে অব্রামের সাথে কথা বলেছিলেন এবং তাঁকে একটা ছেলে দিবেন বলে প্রতিজ্ঞা করেছিলেন। **(আদিপুস্তক ১৫:১,৪)** *অব্রামের কাছে ঈশ্বরের আগের প্রতিজ্ঞাগুলির সাথে এটার সংযোগ করুন। এই খবরটা অব্রামের জন্য কত আশ্চর্যের ছিল যিনি তখন ৯০+ বছর বয়সের ছিলেন তা জানান।*<br>• ঈশ্বর অব্রামকে তারাগুলি দেখিয়েছিলেন এবং তাঁকে বলেছিলেন তাঁর পরিবার তারাগুলির মত অসংখ্য হবে! **(আদিপুস্তক ১৫:৫)** *তারাগুলি গুনবার চেষ্টা করার সম্ভবতাটি কল্পনা করুন। তারাগুলি এবং তাদের সৃষ্টিকর্তার বিস্ময়তায় ছেলেমেয়েদের নিয়োজিত করুন।*<br>• অব্রাম ঈশ্বরের প্রতিজ্ঞায় বিশ্বাস করেছিলেন। **(আদিপুস্তক ১১৫:৬)** *অব্রাম কেন ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন তার কারণগুলি অনুসন্ধান করুন।*<br>• ঈশ্বর অব্রাম ও সারীকে নতুন নাম দিয়েছিলেন। **(আদিপুস্তক ১৭:৫,১৫)** *অব্রাহামের নতুন নামের অর্থ "অনেকের পিতা" যেন তিনি সর্বদা ঈশ্বরের প্রতিজ্ঞার কথা মনে রাখেন।*<br>• *ঈশ্বরের বাক্য, বাইবেলে,আমাদের জন্য তাঁর প্রতিজ্ঞা আছে। আমরা যখন ঈশ্বরকে বিশ্বাস করি তখন আমাদেরকে দেওয়া তাঁর প্রতিজ্ঞাগুলির কয়েকটা উদাহরণ দিন।*<br>• *ঈশ্বর তখন সন্তুষ্ট হন যখন আমরা তিনি যা বলেন তা বিশ্বাস করি।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — অব্রাহামের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞা |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং ব্যাখ্যা করুন — **১ করিন্থীয় ১০:১৩** (ঈশ্বর বিশ্বস্ত) — ব্যাখ্যা করুন বিশ্বস্ত হওয়ার অর্থ এই তাঁর প্রতিজ্ঞগুলি রক্ষা করতে ঈশ্বরের উপর নির্ভর করা যেতে পারে। অথবা **আদিপুস্তক ১৫:৬** — ব্যাখ্যা করুন যে ঈশ্বর সন্তুষ্ট হয়েছিলেন যখন অব্রাম তাঁকে বিশ্বাস করেছিলেন। |
| স্মরণে রাখুন | • ইতিমধ্যে ঈশ্বর অব্রামের কাছে কি প্রতিজ্ঞা করেছিলেন যে অব্রাম কিসের মস্তক হবেন?<br>• স্বপ্ন বা দর্শনে ঈশ্বর অব্রামের কাছে কি প্রতিজ্ঞা করেছিলেন?<br>• অব্রামের স্ত্রী কে ছিল?<br>• ঈশ্বর অব্রামকে কি দেখিয়েছিলেন?<br>• কিসের সাথে ঈশ্বর তারাগুলির তুলনা কররেছিলেন?<br>• অব্রাম কি করেছিলেন যখন ঈশ্বর তাঁকে এই প্রতিজ্ঞাটি দিয়েছিলেন?<br>• অব্রামের নতুন নাম কি ছিল?<br>• সারীর নতুন নাম কি ছিল?<br>• আমাদের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞাগুলির বিষয়ে যখন আমরা জানি তখন ঈশ্বর আমাদের কাছে কি চান?<br>• "বিশ্বাস" শব্দটার অর্থ কি? |

# A৫ ৪নং গল্প

## অব্রাহাম ও অতিথিরা — ঈশ্বরের প্রতিজ্ঞা সত্য হচ্ছে সে বিষয়ে এই গল্প।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ঈশ্বর বিভিন্নভাবে তাঁর বার্তা পাঠান, বিশেষতঃ বাইবেল লেখা হওয়ার আগে। তিনজন গুরুত্বপূর্ণ বার্তাবাহক ঈশ্বরের কাছ থেকে এই বার্তাটি অব্রাহামের কাছে এনেছিলেন।<br>• ঈশ্বর তাঁর প্রতিজ্ঞায় বিশ্বস্ত — কোন কিছু করা তাঁর জন্য কঠিন নয়।<br><br>**মূল পদ : আদিপুস্তক ১৮:১৪**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ১৮:১-১৫** |
| পরিচয় করান | • আপনার সংস্কৃতিতে যখন অপ্রত্যাশিত অতিথি আসে তখন কি হয় সে বিষয়ে কথা বলুন। এটা উদাহরণ দিতে আপনি কয়েকটা উপকরণ ব্যবহার করতে পারেন অথবা অতিথিকে অভ্যর্থনা জানাবার বিষয়ে ছোট নাটিকা করতে পারেন।<br>• অব্রাহামের অতিথিরা পৌঁছাবার জন্য দৃশ্যটি প্রস্তুত করুন — দুপুর বেলা অব্রাহাম তাঁর তাঁবুর দরজার কাছে বিশ্রাম করছিলেন — যখন তিনি লক্ষ্য করেছিলেন কয়েকজন লোক এগিয়ে আসছিলেন। তাঁরা কে হতে পারেন? |
| শিক্ষা দিন | • অব্রাহাম তাঁর অতিথিদের স্বাগত জানিয়েছিলেন এবং তাদের জন্য জল ও খাবারের ব্যবস্থা করেছিলেন। **(আদিপুস্তক ১৮:২-৮)** *সারার ভূমিকাটি ব্যাখ্যা করুন। এই গল্পটা বলার সময় ইন্দ্রিয়গুলি কাজে লাগান — আলোকিত সূর্য, গরম পায়ের উপর ঠান্ডা জল, খাবারের গন্ধ .....*<br>• খাওয়া শেষ হওয়ার পর, তিনজন অতিথি অব্রাহামকে খবরটি দিলেন যে আগামী বছর সারার একটি ছেলে হবে। **(আদিপুস্তক ১৮:৯,১০)** *অতিথিরা কিভাবে তা জেনেছিলেন? ব্যাখ্যা করুন অতিথিরা কারা ছিলেন — স্বর্গ থেকে ঈশ্বরের বার্তাবাহক — একজন ছিলেন প্রভু যীশু এবং অন্যেরা ছিলেন স্বর্গদূত। এই খবর শোনার বিষয়ে অব্রাহাম কেমন বোধ করেছিলেন আলোচনা করুন। ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি পূর্ণ হওয়া খুব কাছে ছিল।*<br>• সারা হেসে ছিলেন কারণ তিনি ভেবেছিলেন তা অসম্ভব ছিল কিন্তু প্রভু অসম্ভব করতে প্রতিজ্ঞা করেছিলেন! **(আদিপুস্তক ১৮:১১-১৫)** *সারা যখন হেসেছিলেন তখন ঈশ্বর কেমন অনুভব করতে পেরেছিলেন তা আলোচনা করুন।*<br>• এক বছর পর, সারার শিশুর জন্ম হয়েছিল। **(আদিপুস্তক ২১:১-৭)** *আনন্দটি আকর্ষনীয় করতে চেষ্টা করুন যা তারা অবশ্যই অনুভব করেছিল। ঈশ্বর কি তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেছিলেন? ২য় স্তরের ছেলেমেয়েদের কাছে আপনি ইসহাকের নামের অর্থটি ব্যাখ্যা করতে পারেন। (হাসি)*<br>• *আমাদের কাছে ঈশ্বরের সমস্ত প্রতিজ্ঞাগুলি রক্ষা করতে আমরা তাঁর উপর নির্ভর করতে পারি। কোন কিছুই তাঁর কাছে খুব কঠিন নয় — আজ-ও তিনি একই আছেন! বিশ্বাস করতে এমন আশ্চর্য এক ঈশ্বর তিনি!*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — অব্রাহাম এবং তিনজন অতিথি |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং ব্যাখ্যা করুন — **আদিপুস্তক ১৮:১৪** |
| স্মরণে রাখুন | কুইজের এই প্রশ্নগুলি এই গল্পটার সাথে সম্পর্কযুক্ত। আপনি হয়ত এইগুলি ব্যবহার করতে অথবা A৫-এর সব চারটা গল্প থেকে প্রশ্নগুলির বিভিন্ন ভাগের উপর আপনার কুইজ ভিত্তি করতে ইচ্ছা করতে পারেন।<br><br>• অতিথিরা যখন এসেছিলেন তখন দিনের কোন সময় ছিল?<br>• সেই সময় অব্রাহাম কোথায় ছিলেন?<br>• অব্রাহাম সারাকে কি করতে বলেছিলেন?<br>• আর কি তাদের খেতে হয়েছিল?<br>• বার্তাবাহকরা যখন তাদের বার্তাটি দিচ্ছিলেন সারা তখন কোথায় ছিলেন?<br>• সারা হেসেছিলেন কেন?<br>• এটা কতক্ষণ ছিল যখন সারাকে একটা ছেলে পেতে অপেক্ষা করতে হয়েছিল।<br>• শিশুটির কি নাম দেওয়া হয়েছিল?<br>• অব্রাহামের বয়স কত ছিল যখন ইসহাসের জন্ম হয়েছিল?<br>• কেন অব্রাহাম ও সারা খুশী ছিলেন তার দুইটা কারণ চিন্তা করুন। (তাঁদের একটা ছেলে ছিল, ঈশ্বর তাঁদের কাছে করা তাঁর প্রতিজ্ঞাটি রক্ষা করেছিলেন)<br><br>**এটা অভিনয় করুন :** অভিনয় করা এই বর্ণনাটির প্রথম অংশে ছেলেমেয়েরা আনন্দ করবে। খুব বিবেচনা করে সমস্ত কার্যক্রমগুলি তৈরী করবেন। প্রাপ্তবয়স্ক সাহায্যকারীরা অব্রাহাম, সারা, দাস, ৩জন অতিথির অংশটা অভিনয় করতে পারেন। পালাক্রমে, একটা ছোট দল দিয়ে, ছেলেমেয়েরা মুখাভিনয় করতে পারে/বলার অংশগুলি নিতে পারে। |

## A৬ ১নং গল্প
## অব্রাহাম ঈশ্বরের কথা শোনেন — এই গল্পটা ঈশ্বরকে সবচেয়ে ভাল ভালবাসার বিষয়ে।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• অব্রাহাম যে কেউ অথবা যে কোন জিনিসের চেয়ে আরও বেশী ঈশ্বরকে ভালবেসেছিলেন।<br>• আমাদেরও উচিত আমাদের সমস্ত অন্তর দিয়ে ঈশ্বরকে ভালবাসা।<br><br>**মূল পদ : আদিপুস্তক ২২:৮ অথবা দ্বিতীয় বিবরণ ৬:৫**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২২:১-৯** |
| পরিচয় করান | • কয়েকটা জিনিস যা ছেলেমেয়েদের কাছে সত্যিই গুরুত্বপূর্ণ সেগুলি তাদের আপনাকে বলতে বলুন — তোমার জীবনে কি সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ? কেন তা গুরুত্বপূর্ণ?<br>• তারপর তাদের সেই জিনিসগুলি যদি দিয়ে দিতে হয় তবে তারা কেমন অনুভব করবে? ব্যাখ্যা করুন যে আজকের গল্পটি অব্রাহামের কোন কিছু দিয়ে দিবার বিষয়ে যা তাঁর কাছে সত্যিই গুরুত্বপূর্ণ ছিল। |
| শিক্ষা দিন | • ঈশ্বর অব্রাহাম ও সারার কাছে তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেছিলেন এবং তাঁদের একটা ছেলে দিয়েছিলেন। তার নাম ছিল ইসহাক। তাঁরা তাকে খুব ভালবাসতেন। **(আদিপুস্তক ২১:১-৩)**<br>• একদিন ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন তাঁর ছেলেকে মরীবা নামে একটা পাহাড়ে নিয়ে যেতে। ইসহাক সম্ভবত কিশোর ছিল। ঈশ্বর চেয়েছিলেন অব্রাহাম সত্যিই ঈশ্বরকে ভালবাসেন কি না তা দেখতে তিনি অব্রাহামকে পরীক্ষা করছিলেন। যদিও এটা অব্রাহামকে খুব দুঃখিত করেছিল, তথাপি তিনি ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন এবং ঈশ্বর তাঁকে যা করতে বলেছিলেন তা করেছিলেন। **(আদিপুস্তক ২২:১-২)** *অব্রাহাম তাঁর সমস্ত অন্তর দিয়ে ঈশ্বরকে ভালবেসেছিলেন। এবার তিনি ঈশ্বরের কথা শুনেছিলেন এবং তাঁর বাধ্য হতে ইচ্ছুক হয়েছিলেন এমন কি তখনও যখন ঈশ্বর তাঁকে এমন এক দুরূহ কাজ করতে বলছিলেন।*<br>• খুব সকালে যাত্রার জন্য অব্রাহাম প্রতিটি জিনিস প্রস্তুত করেছিলেন। নৈবেদ্যের জন্য কাঠ কেটেছিলেন এবং তাঁর সাথে দুইজন দাস ও একটা গাধা নিয়েছিলেন। **(আদিপুস্তক ২২:৩)**<br>• তিন দিন পর, তাঁরা সেই পাহাড়ে গেলেন যা ঈশ্বর মনোনীত করেছিলেন। অব্রাহাম দুইজন দাসকে বললেন, গাধাটা নিয়ে তাঁদের জন্য অপেক্ষা করতে। তারপর ইসহাক কাঠ বয়ে নিয়ে গেল আর অব্রাহাম ছুরি ও আগুন বয়ে নিয়ে গেলেন। **(আদিপুস্তক ২২:৪-৬)**<br>• যখন তাঁরা উপরে উঠতে শুরু করেছিলেন, তখন ইসহাক তার বাবাকে জিজ্ঞাসা করেছিল, নৈবেদ্যের জন্য বেদীর উপর দিতে মেষশাবকটি কোথায়? অব্রাহাম উত্তর দিয়েছিলেন, "আমার ছেলে, ঈশ্বর তাঁর নিজের জন্য এক মেষশাবক যুগিয়ে দিবেন।" **(আদিপুস্তক ২২:৭-৮)**<br>• *অব্রাহাম ঈশ্বরের বাধ্য হয়েছিলেন কারণ তিনি তাঁকে ভালবাসতেন। ঈশ্বর চান আমরা যেন আমাদের সমস্ত অন্তর দিয়ে তাঁকে ভালবাসি এবং সমস্ত বিষয়ে তাঁর বাধ্যও হই যা তিনি আমাদের করতে বলেন।*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — অব্রাহাম ও ইসহাক |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **আদিপুস্তক ২২:৮ অথবা দ্বিতীয়বিবরণ ৬:৫** |
| স্মরণে রাখুন | • অব্রাহামের ছেলেকে কি বলা হোত?<br>• পাহাড়টির নাম কি ছিল যেখানে ঈশ্বর অব্রাহামকে যেতে বলেছিলেন?<br>• কতজন দাসকে অব্রাহাম তাঁর সাথে নিয়েছিলেন?<br>• কোন পশুকে অব্রাহাম তাঁর সাথে নিয়েছিলেন?<br>• পাহাড়টিতে পৌঁছতে তাঁদের কতদিন লেগেছিল?<br>• অব্রাহাম কাকে বলেছিলেন "তাঁর নিজের জন্য মেষশাবক যোগাবেন"?<br>• কাকে অব্রাহাম যে কোন ব্যক্তি বা যে কোন জিনিসের চেয়ে বেশী ভালবাসতেন?<br>• আমাদের সমস্ত হৃদয় দিয়ে কাকে আমাদের ভালবাসা উচিত? |

## A৬ ২নং গল্প

## অব্রাহাম ঈশ্বরের বাধ্য হন — এই গল্পটা ইসহাকের জায়গায় একটা মেষ নেওয়ার বিষয়ে।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• ইসহাকের জায়গাটি নিতে ঈশ্বর একটা মেষ যুগিয়ে দিয়েছিলেন।<br>• যীশু আমাদের জায়গাটি নিয়েছিলেন যখন তিনি আমাদের পাপের জন্য ক্রুশের উপর মরেছিলেন।<br><br>**মূল পদ : গালাতীয় ২:২০**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২২:৯-১৪** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের কল্পনা করতে বলুন তারা যে ভুল কাজ করেছে তার জন্য তারা প্রায় শাস্তি পেতে চলেছে — তোমাদের কেমন মনে হয়?<br>• তারপর ছেলেমেয়েদের কল্পনা করতে বলুন যে অন্য কোন একজন তাদের জন্য সেই শাস্তিটা নিয়েছে — এখন তারা কেমন অনুভব করবে?<br>• ছেলেমেয়েদের কাছে ব্যাখ্যা করুন যে আজকের গল্পটা ইসহাকের জায়গাটা কোন একজন নিচ্ছে সেই বিষয়ে। |
| শিক্ষা দিন | • গল্পটা এ পর্য্যন্ত যা হয়েছে তা ছেলেমেয়েদের মনে করিয়ে দিন। শেষ পর্য্যন্ত অব্রাহাম ও ইসহাক পাহাড়ের উপর পৌঁছেছিলেন, যেখানে তাঁরা পাথর দিয়ে একটা বেদী তৈরী করলেন। তারপর ইসহাককে বেদীর উপর শোয়ান হয়েছিল। **(আদিপুস্তক ২২:৯-১০)**<br>• অব্রাহাম ঠিক যখন ঈশ্বরের উদ্দেশ্যে ইসহাককে বলি দিতে গিয়েছিলেন, তখনই একজন দূত স্বর্গ থেকে ডাকলেন এবং অব্রাহামকে থামতে ও ছেলেটিকে আঘাত করতে বারণ করলেন। অব্রাহাম তখন ঈশ্বরকে দেখিয়েছিলেন তিনি ঈশ্বরকে প্রকৃতই কতটা ভালবাসেন। **(আদিপুস্তক ২২:১১-১২)**<br>• অব্রাহাম তখন উপরে তাকালেন এবং ঝোপের মধ্যে শিং-এ আটকানো একটা মেষ দেখতে পেলেন। তিনি ইসহাকের পরিবর্তে বেদীতে মেষটি রাখলেন। **(আদিপুস্তক ২২:১৩)**<br>• *তোমরা কি মনে কর অব্রাহাম ও ইসহাক কেমন অনুভব করেছিলেন যখন তাঁরা বুঝতে পেরেছিলেন যে মেষটি ইসহাকের জায়গাটা নিবে?*<br>• *যীশু যখন ক্রুশে মরেছিলেন তখন তিনি আমাদের জায়গাটা নিয়েছিলেন। আমরা সবাই সেই জিনিসগুলি করেছি যা ভুল কিন্তু যীশু ওইসব জিনিসগুলির জন্য শাস্তি নিয়েছিলেন যখন তিনি মরেছিলেন।*<br>• *যীশু আমাদের জন্য মরেছিলেন কারণ তিনি আমাদের ভালবাসেন এবং চান নি যে আমরা আমাদের পাপের জন্য কষ্টবোধ করি।*<br>• *তিনি চান আমরাও যেন তাঁকে ভালবাসি এবং আমাদের জায়গাটা নেওয়ার জন্য তাঁকে ধন্যবাদ জানাই।*<br>• *যীশু তোমাদের এত ভালবাসেন যে তিনি তোমাদের জন্য মরেছিলেন একথা জানতে তোমাদের মধ্যে কেমন বোধ তৈরী করে?*<br>• *কিভাবে আমরা যীশুকে দেখাতে পারি যে আমরা তাঁকে ভালবাসি?*<br><br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br><br>**দেখান :** এফবিআই — অব্রাহাম ও ইসহাক |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **গালাতীয় ২:২০** |
| স্মরণে রাখুন | • বেদীটা কোথায় ছিল যা অব্রাহাম তৈরী করেছিলেন?<br>• সেটা তৈরী করতে তাঁরা কি ব্যবহার করেছিলেন?<br>• কে স্বর্গ থেকে ডেকেছিলেন?<br>• দূত অব্রাহামকে কি বলেছিলেন?<br>• অব্রাহামকে ঈশ্বর কি দেখিয়েছিলেন?<br>• বেদীর উপর ইসহাকের জায়গা কে নিয়েছিল?<br>• ক্রুশের উপর আমাদের জায়গাটি কে নিয়েছিলেন?<br>• কেন যীশু ক্রুশের উপর মরেছিলেন? |

# A৬ ৩নং গল্প

## ঈশ্বর সাহায্য করেন — এই গল্পটা ঈশ্বরের পথ দেখানোর বিষয় বলে।

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• দাস ঈশ্বরকে সাহায্য করতে বলেছিল এবং ঈশ্বর তাকে সাহায্য করেছিলেন।<br>• ঈশ্বর আমাদেরও সাহায্য করবেন যদি আমরা তাঁকে বলি।<br>**মূল পদ : আদিপুস্তক ২৪:২৭ অথবা মথি ৭:৭**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২৪:১-২৮** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের সেসব মানুষদের বিষয়ে চিন্তা করতে বলুন যারা তাদের সাহায্য করে — কে তোমাদের সাহায্য করে? কি কি প্রকারের জিনিসগুলি দিয়ে তারা তোমাদের সাহায্য করে? কিভাবে তা তোমাদের অনুভব করায় যখন তারা তোমাদের সাহায্য করে?<br>• ছেলেমেয়েদের সেই সময়ের বিষয়ে গল্পগুলি বলতে অনুমতি দিন যখন তারা কাউকে সাহায্য করেছিল।<br>• ছেলেমেয়েদের কাছে ব্যাখ্যা করুন যে আজকের গল্পটি ঈশ্বর কোন একজনকে সাহায্য করছেন সেই বিষয়ে। |
| শিক্ষা দিন | • অব্রাহাম একজন খুব বৃদ্ধ মানুষ ছিলেন, কিন্তু তাঁর মৃত্যুর আগে তিনি নিশ্চিত হতে চেয়েছিলেন ইসহাক যেন বিয়ে করে সুখী হয়। কাজেই তিনি তাঁর প্রধান দাসকে তাঁর ছেলের জন্য স্ত্রী খোঁজার বিষয়ে নির্দেশ দিয়েছিলেন। তিনি তাকে বলেছিলেন সঠিক স্ত্রীলোকের কাছে যেতে তাকে চালনা করতে ঈশ্বরে বিশ্বাস করতে। **(আদিপুস্তক ২৪:১-৯)** *তোমরা কি মনে কর দাস কেমন অনুভব করেছিল যখন অব্রাহাম ইসহাকের জন্য তাকে স্ত্রী খুঁজতে বলেছিলেন?*<br>• দাস অব্রাহামের উটের মধ্যে দশটা উট নিয়েছিল এবং যাত্রা শুরু করেছিল। অনেকদিন যাত্রা করার পর,সে নাহোরের শহরের কাছে একটা কূয়োর কাছে এসে থেমেছিল। তখন ছিল বিকাল এবং সব যুবতী মেয়েরা কূয়ো থেকে জল নিতে বেরিয়ে আসছিল। **(আদিপুস্তক ২৪:১০-১১)**<br>• দাস তারপর ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিল এবং এই মেয়েদের মধ্যে একজন ইসহাকের স্ত্রী হবে কিনা তা তাকে দেখাতে ঈশ্বরকে বলেছিল। সে পান করার জন্য জল চাইবে এবং যদি একজন মেয়ে তাকে জল দেয় এবং পরে দশটা উটের জন্যও জল দিতে চায়, তবে সে জানবে যে সেই ইসহাকের জন্য ঈশ্বরের মনোনীতা। **(আদিপুস্তক ২৪:১২-১৪)**<br>• শীঘ্রই সে দেখতে পেয়েছিল একজন অতি সুন্দরী মেয়ে কূয়োর দিকে এগিয়ে আসছে। তার নাম ছিল রিবিকা। সে যখন জল চেয়েছিল মেয়েটি তাকে দিয়েছিল এবং তার উটদের জন্যও যথেষ্ট জল দিয়েছিল। দাস কি চিন্তা করছিল? সে কেমনই বা অনুভব করেছিল? **(আদিপুস্তক ২৪:১৫-২১)**<br>• দাসের প্রভু অব্রাহামের কাছ থেকে আনা উপহারটি মেয়েটিকে দেবার পর, সে তাকে জিজ্ঞাসা করেছিল তাদের বাড়ীতে রাতটা কাটাতে তার জন্য কোন জায়গা আছে কিনা। সে যখন বলেছিল তাদের বাড়ীতে অনেক জায়গা আছে, তখন দাস তার মাথা নুইয়ে ছিল এবং তার প্রার্থনার উত্তর দেবার জন্য ও ঠিক মেয়ে খুঁজতে তাকে সাহায্য করার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিল। **(আদিপুস্তক ২৪:২২-২৭)**<br>• *তোমাদেরকে কি কখনও এক কঠিন কাজ করতে দেওয়া হয়েছিল? প্রাসঙ্গিক উদাহরণগুলি মনে করান।*<br>• *দাস সাহায্যের জন্য কাকে বলেছিল?*<br>• *আমাদের সাহায্য করতে আমরা কাকে বলতে পারি? ঈশ্বর আমাদের সাহায্য এবং চালনা করতে চান যখন আমাদের মনোনয়নগুলি এবং সিদ্ধান্তগুলি করতে হয়। তিনি আমাদের ঠিক মনোনয়নগুলি করতে সাহায্য করবেন।*<br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান :** এফবিআই — অব্রাহাম ও ইসহাক |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং যেখানে প্রয়োজন ব্যাখ্যা করুন — **আদিপুস্তক ২৪:২৭ অথবা মথি ৭:৭** |
| স্মরণে রাখুন | • কে ইসহাকের জন্য স্ত্রী খুঁজতে গিয়েছিল?<br>• দাস তার সাথে কতগুলি উট নিয়েছিল?<br>• দাস কোথায় থেমেছিল?<br>• তখন দিনের কোন সময়টা ছিল?<br>• ঠিক মেয়ে খুঁজতে তাকে সাহায্য করতে দাস কাকে জিজ্ঞাসা করেছিল?<br>• কূয়োর ধারে মেয়েটির নাম কি ছিল?<br>• দাসকে সাহায্য করতে মেয়েটি কি করেছিল?<br>• দাস যখন জানতে পেরেছিল যে ঈশ্বর তাকে সাহায্য করছেন সে কি করেছিল?<br>যদি সময় থাকে, ছেলেমেয়েরা একটা ছবি আঁকাতে পারে যেখানে তারা কোন একজনকে সাহায্য করছে। |

## A৬ ৪নং গল্প

## ঈশ্বরের মনোনয়ন — এই গল্পটা ইসহাকের রিবিকাকে বিয়ে করার বিষয়

| | |
|---|---|
| | **আমরা শিখছি যে :**<br>• রিবিকা এবং ইসহাক ঈশ্বরের পরিকল্পনা অনুসরণ করেছিল এবং তারা খুব সুখী ছিল।<br>• আমরা যখন ঈশ্বরে বিশ্বাস করি এবং তাঁর পথ অনুসরণ করি তখন আমরা সুখী হব।<br>**মূল পদ : গীতসংহিতা ১৪৪:১৫**<br>**বাইবেলের অংশ : আদিপুস্তক ২৪:২৮-৬৭** |
| পরিচয় করান | • ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন তারা কখনও বিয়েবাড়ী গিয়েছে কি না — কার বিয়ে হচ্ছিল? তারা কি পোষাক পরেছিল? বিয়েবাড়ীতে কি হয়েছিল? বর ও বউ কি খুশী ছিল?<br>• ছেলেমেয়েদের বলুন যে আজকের গল্পটা একটা বিয়ের বিষয়ে যা বাইবেলের সময় ঘটেছিল। সম্ভবতঃ তোমাদের দেশে বিয়েতে যে পরিকল্পনা করা হয় এই গল্পটা আলাদা। |
| শিক্ষা দিন | • এ পর্য্যন্ত যা গল্প হয়েছে তা ছেলেমেয়েদের মনে করিয়ে দিন।<br>• কি ঘটনা ঘটেছিল তা তার পরিবারকে বলতে রিবিকা দৌড়ে বাড়ী গিয়েছিল। তার ভাই লাবন দৌড়ে কূয়ার কাছে গিয়েছিল, দাসকে তাদের বাড়ী নিয়ে এসেছিল এবং স্বাগত জানিয়েছিল। কিন্তু দাস তার রাতের খাবারের আগে, রিবিকার পরিবারকে তার আসার কারণটি জানিয়েছিল। **(আদিপুস্তক ২৪:২৮-৪৯)**<br>• রিবিকার বাবা এবং লাবন উভয়েই রাজী হয়েছিল যে ইনি ঈশ্বর যিনি ইসহাকের দাসকে রিবিকার কাছে চালিত করেছিলেন। আর অপেক্ষা না করে রিবিকাকে তার সঙ্গে নিয়ে যেতে দাসকে অনুমতি দিয়েছিলেন যেন সে ইসহাকের স্ত্রী হতে পারে। দাস তার প্রার্থনার উত্তর দেবার জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানিয়েছিল। তারপর দাস রিবিকা ও তার পরিবারকে প্রচুর উপহার দিয়েছিল। **(আদিপুস্তক ২৪:৫০-৫৩)**<br>• সকালবেলা, তারা রিবিকাকে জিজ্ঞাসা করেছিল সে দাসের সাথে যাবে কি না ইসহাককে বিয়ে করবে কি না। রিবিকা যেতে রাজী হয়েছিল। **(আদিপুস্তক ২৪:১-৯)** *রিবিকা কেমন অনুভব করেছিল? (একটু ভীত কারণ সে ইসহাককে এবং তার পরিবারকে জানে না কিন্তু উত্তেজিত কারণ এটা নিশ্চয় করে তার জন্য ঈশ্বরের পরিকল্পনা ছিল!)*<br>• এদিকে অব্রাহামের বাড়ীতে, ইসহাক অপেক্ষা করছিল এবং কি ঘটছিল তা ভাবছিল। একদিন বিকালবেলা, যখন বেড়াতে বেরিয়ে ছিল, তখন সে উটগুলি আসছে দেখতে পেয়েছিল। শীঘ্র সে রিবিকাকে তার নতুন বাড়ীতে স্বাগত জানিয়েছিল এবং তাকে তার মার তাঁবুতে নিয়ে গিয়েছিল। ইসহাক রিবিকাকে খুবই ভালবেসেছিল এবং কিসে তার স্ত্রী হয়েছিল। **(আদিপুস্তক ২৪:৬১-৬৭)**<br>• *তোমরা কি মনে কর ইসহাক যখন তার নতুন স্ত্রীকে দেখেছিল তখন কেমন অনুভব করেছিল? (সম্ভবতঃ খুব উত্তেজিত হয়েছিল এবং হতে পারে একটু ঘাবড়েও গিয়েছিল যেহেতু সে আগে কখনও রিবিকার সাথে সাক্ষাত করেনি কিন্তু সে-ও ঈশ্বরের পরিকল্পনায় বিশ্বাস করেছিল এবং রিবিকাকে স্ত্রী হিসাবে গ্রহণ করে খুশী হয়েছিল।)*<br>• *ইসহাক ও রিবিকা উভয়েই খুব খুশী হয়েছিল কারণ তারা ঈশ্বরে বিশ্বাস করেছিল এবং তাঁর পরিকল্পনা অনুসরণ করেছিল। ঈশ্বর চান আমরাও যেন তাঁকে বিশ্বাস করি এবং তাঁর পরিকল্পনা অনুসরণ করি। যখন আমরা তা করি,তখন আমরা আনন্দ ও সুখে পূর্ণ থাকব।*<br>**বাইবেলটাইম পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান :** এফবিআই — ইহাকের জন্য একজন স্ত্রী |
| শিখুন | মূল পদটি শিক্ষা দিন এবং ব্যাখ্যা করুন — **গীতসংহিতা ১৪৪:১৫**। এই পদটা ব্যাখ্যা করে আমরা কত সুখী হতে পারি যখন আমাদের জীবনের জন্য ঈশ্বর তাঁর পরিকল্পনা বহন করতে থাকেন। |
| স্মরণে রাখুন | • রিবিকার ভাইয়ের নাম কি ছিল?<br>• দাস তার রাতের খাবারের আগে কি করেছিল?<br>• ইসহাকের স্ত্রী হতে রিবিকাকে যেতে দিতে তার পরিবার কেন রাজী হয়েছিল?<br>• দাস রিবিকা এবং তার পরিবারকে কি দিয়েছিল?<br>• কে দাসকে রিবিকার কাছে চালিত করেছিল বলে তারা বলেছিল?<br>• কখন রিবিকা দাসের সাথে যাত্রা করতে বাড়ী পরিত্যাগ করেছিল?<br>• দাস ও রিবিকা যখন বাড়ী পৌঁছেছিল তখন কে প্রান্তরে ঘুরে বেড়াচ্ছিল?<br>• ইসহাক ও রিবিকা একসাথে কেন সুখী হয়েছিল?<br>• কারও বা অন্য কোন কিছু থেকে বেশী, কে আমাদের সুখী করতে পারে? |

# পাঠগুলিতে সাধারণ মান দিতে শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশ

## ১নং স্তরের পাঠগুলি

- প্রতি সপ্তাহের জন্য একটা পৃষ্ঠা (অথবা পুস্তিকায় দুইটা) যেখানে প্রধানতঃ রং করা এবং কয়েকটা শব্দ পূর্ণ করা আছে।
- প্রত্যেক সপ্তাহের জন্য দশ নম্বরের সাথে এক মাসের জন্য সবচেয়ে বেশী ৪০ নম্বর নির্দিষ্ট করা আছে।
- ছেলেমেয়েরা যারা ১নং স্তরের পাঠ পায় তাদের কাছে আশা করা যায় না যে তারা ভালভাবে পড়তে সক্ষম হবে তাই আমরা আশা করি বাবা-মা/অভিভাবক/নেতারা তাদের সাহায্য করবে।
- আমরা প্রতিটি উত্তরের জন্য ২ পয়েন্ট নির্দিষ্ট করি এবং বাকীটা রং করার জন্য — ১০ পয়েন্ট প্রতিটি পাঠের জন্য।

## ২নং স্তরের পাঠগুলি :

- প্রতি সপ্তাহে দুইটা পৃষ্ঠা (পুস্তিকায় ৪টা)
- গল্পটা পাঠটির মধ্যে দেওয়া আছে। ছেলেমেয়েদের পাঠটি থেকে বিভিন্ন শব্দগুলি বের করতে হবে, কিছু রং করতে হবে, মূল পদটা সম্পূর্ণ করতে হবে, ইত্যাদি।
- প্রতি সপ্তাহের জন্য কুড়ি নম্বরের সাথে এক মাসের জন্য সবচেয়ে বেশী ৮০ নম্বর নির্দিষ্ট করা আছে, যখন পাঠগুলি সম্পূর্ণরূপে সঠিক হয়।

## বাইবেলটাইম চিহ্নিতকরণ

## চিহ্নিত করার সঙ্কেতগুলি

শিক্ষক-শিক্ষিকাদের বলা হয়, প্রথমে :

- প্রতিটা পাঠ পরীক্ষা করে দেখতে এবং সঠিক অথবা ভুল উত্তরগুলি চিহ্নিত করুন।
- নির্দেশ দেওয়া অনুযায়ী প্রয়োজনীয় পয়েন্টগুলি পুরস্কৃত করুন।
- সর্বদা এক বৈষম্য দেখানো রংয়ে চিহ্নিত করুন, এবং প্রতিটা সঠিক উত্তরে টিক্ চিহ্ন দিন।
- যেখানে প্রয়োজন, সঠিক উত্তরটি যোগান এবং যে কোন ভুল বানান গুলি শুদ্ধ করুন, যদিও এগুলির জন্য কোন নম্বর কাটা হবে না।
- আংশিক সঠিক উত্তরের জন্য কম নম্বর দিন।
- মাসটির জন্য মোট সংখ্যা যোগ করুন এবং শেষ পৃষ্ঠায় যোগান জায়গা তা লিখুন।

ছেলেমেয়েদের বাইবেল অধ্যয়নে উৎসাহিত করতে মোটামুটি উদার হওয়া এবং যতটা সম্ভব করা প্রয়োজন। প্রত্যেক মাসে যেখানে সম্ভব ছেলেমেয়েদের কাছে শিক্ষক-শিক্ষিকার জন্য উৎসাহজনক কথা লেখা, সাহায্যপূর্ণ এবং এটা করার জন্য পাঠের পৃষ্ঠায় জায়গা দেওয়া আছে। ভাল রং করা, পরিষ্কার পরিচ্ছন্নতা, নম্বর পাওয়া, পাঠটি বুঝতে ছাত্রছাত্রীদের বোধশক্তি, ইত্যাদি বিষয়ে মন্তব্য করা যেতে পারে।

যত বিভিন্ন রকম সম্ভব তত বিভিন্ন মন্তব্য করতে আমরা চেষ্টা করি। প্রশ্ন, বক্তব্য, পর্য্যবেক্ষন, উৎসাহ, ইত্যাদি সবই বিভিন্নতা রক্ষা করতে ব্যবহার করা যেতে পারে। এটার প্রয়োজন চিন্তাশক্তি, কিন্তু ছাত্রছাত্রীদের কৌতুহল জাগিয়ে রাখা গুরুত্বপূর্ণ। প্রত্যেক মাসে যদি একই বক্তব্য বা প্রশ্ন পুনরাবৃত্তি করা হয়,তবে তার প্রভাবটি হারায়।

## ১নং স্তর

### সাধারণ মন্তব্যগুলি

"এমি — আমি আনন্দিত তুমি এই পাঠগুলী শুরু করেছ এবং আমি আশা করি তুমি এতে আনন্দ করছ। তোমার রং করা আমি ভালবাসি। তুমি কি স্কুলে যাও? সে বিষয়ে আমাকে বল। শীঘ্রই তোমার কাছ থেকে শোনার জন্য অপেক্ষা করছি।

"খুব ভাল হয়েছে, অ্যানড্রু। কি চমৎকার রং করেছ! লাইনের ভিতরে থাকা কি খুব কঠিন ছিল? আগের পাঠে তুমি একটা অল্প রং করাটি করতে পার নি।"

### আত্মিক মন্তব্যগুলি

"খুব ভাল, সারা। যায়ীর কত না খুশী মানুষ হয়েছিল যখন যীশু তাকে সাহায্য করেছিলেন।"

"খুব ভাল উত্তরগুলি! যীশুর মৃত্যুর গল্পটা খুব দুঃখের, কিন্তু খুশীর কথাটি হোল তিনি আবার বেঁচে উঠেছিলেন।"

## ২নং স্তর

### সাধারণ মন্তব্য গুলি

"আবার ভাল উত্তর, যোহান্না — আমি নিশ্চিত যে স্কুলে তোমার শিক্ষিকা তোমার কাজে খুবই সন্তুষ্ট।"

"আমি দেখছি শীঘ্রই তোমার জন্মদিন আসছে, কোন্নর। তুমি কি বিশেষ কিছু করছ? যাই কর না কেন, দিনটি মজায় কাটুক।"

"তুমি প্রকৃতই খুব কঠিন চেষ্টা করেছ। এখানে ঠিক কয়েকটা ছোট ভুল আছে। প্রত্যেক সময় তোমার উত্তরগুলি ভালভাবে পরীক্ষা করতে ভুলবে না।"

### আত্মিক মন্তব্যগুলি

"যেভাবে তুমি যাবপাত্রের শিশু যীশুকে রং করেছ আমার তা ভাল লেগেছে। এটা কি ঈশ্বরের জন্য ভাল ছিল না আমাদের জন্য তাঁকে জগতে পাঠিয়েছিলেন?

"আমি সত্যিই তোমার রং করা পছন্দ করি। ঈশ্বর যা বলেছিলেন তা বিশ্বাস না করায় সখরিয়কে মূল্য দিতে হয়েছিল। তিনি আবার কখনও ঈশ্বরের বাক্যে সন্দেহ করেন নি।"

"চমৎকার উত্তর। যে ব্যক্তির সাথে ফিলিপের প্রান্তরে দেখা হয়েছিল সে প্রকৃতই খুশী হয়ে চলে গিয়েছিল। সে যীশুর বিষয়ে সুসংবাদ শুনেছিল ও বিশ্বাস করেছিল।

bes INDIA
bible educational services

PO. BOX NO-9. MOOKANNUR.P.O. ANGAMALY, ERNAKULAM 683577
KERALA, E-mail:besindia1@gmail.com.
© Bible Educational Services 2019. **Visit www.besweb.com**